Visit Our Website: all.talukdaracademy.com.bd

# বৃত্তি পরীক্ষার প্রশ্নের ধরনভিত্তিক অনুশীলন

## সুপার সাজেশন ও নিজেকে যাচাইসহ

বৃত্তি পরীক্ষায় সাফল্যের জন্য নির্দিষ্ট প্রশ্নকাঠামো অনুযায়ী প্রস্তুতি নেওয়া জরুরি। এখানে NAPE প্রদত্ত প্রশ্নের ধরনভিত্তিক প্রতিটি অধ্যায়ের গুরুত্বপূর্ণ প্রশ্ন ও উত্তর দেওয়া হয়েছে। সবশেষে সর্বাধিক গুরুত্বপূর্ণ প্রশ্নের নম্বর উল্লেখ করে সুপার সাজেশন দেওয়া হয়েছে। এগুলো ভালোভাবে অনুশীলন করলেই তোমার বৃত্তি পরীক্ষার প্রস্তুতি সম্পন্ন হবে।

## প্রশ্নের ধরন ১ — কবি ও কবিতার নামসহ কবিতার প্রথম ৮ লাইন লিখন ১+১+৮ = ১০

**প্রশ্ন-১** কবি ও কবিতার নামসহ 'দূরের পাল্লা' কবিতার প্রথম আট লাইন লেখো।

**উত্তর:**

দূরের পাল্লা
সত্যেন্দ্রনাথ দত্ত

ছিপ্‌খান্ তিন-দাঁড়—
তিনজন্ মাল্লা
চৌপর দিন-ভোর
দ্যায় দূর-পাল্লা!
পাড়ময় ঝোপঝাড়
জঙ্গাল-জঞ্জাল,
জলময় শৈবাল
পান্নার টাঁকশাল।

**প্রশ্ন-২** কবি ও কবিতার নামসহ 'ঠিক আছে' কবিতার প্রথম আট লাইন লেখো। *[পিটিআই সংলগ্ন পরীক্ষা বিদ্যালয়, ময়মনসিংহ ২০২৬]*

**উত্তর:**

ঠিক আছে
সুকুমার বড়ুয়া

অসময়ে মেহমান
ঘরে ঢুকে বসে যান
বোঝালাম ঝামেলার
যতগুলো দিক আছে
তিনি হেসে বললেন,
ঠিক আছে ঠিক আছে।
রেশনের পচা চাল
টলটলে বাসি ডাল

**প্রশ্ন-৩** কবি ও কবিতার নামসহ 'সাইক্লোন' কবিতার প্রথম আট লাইন লেখো। *[পিটিআই সংলগ্ন পরীক্ষা বিদ্যালয়, নেত্রকোণা; ৮৮ নং মালিকগাঁও সরকারি প্রাথমিক বিদ্যালয় ২০২৬]*

**উত্তর:**

সাইক্লোন
শামসুর রাহমান

চাল উড়ছে, ডাল উড়ছে
উড়ছে গরু, উড়ছে মোষ।
খই উড়ছে, বই উড়ছে
উড়ছে পাঁজি, বিশ্বকোষ।

ময়লা চাদর, ফরসা জামা,
উড়ছে খেতের সরষে, যব।
লক্ষ্মীপ্যাঁচা, পক্ষীছানা
ঘুরছে, যেন চরকি সব।

**প্রশ্ন-৪** কবি ও কবিতার নামসহ 'রাখাল ছেলে' কবিতার প্রথম আট লাইন লেখো।

**উত্তর:**

রাখাল ছেলে
জসীমউদ্‌দীন

'রাখাল ছেলে! রাখাল ছেলে! বারেক ফিরে চাও।
বাঁকা গাঁয়ের পথটি বেয়ে কোথায় চলে যাও?'
'ওই যে দেখো নীল-নোয়ানো সবুজ ঘেরা গাঁ,
কলার পাতা দোলায় চামর শিশির ধোয়ায় পা,
সেথায় আছে ছোট্ট কুটির সোনার পাতায় ছাওয়া,
সাঁঝ-আকাশের ছড়িয়ে-পড়া আবির-রঙে নাওয়া;
সেই ঘরেতে একলা বসে ডাকছে আমার মা—
সেথায় যাব, ও ভাই এবার আমায় ছাড় না!'

**প্রশ্ন-৫** কবি ও কবিতার নামসহ 'পাখির মতো' কবিতার প্রথম আট লাইন লেখো।

**উত্তর:**

পাখির মতো
আল মাহমুদ

আম্মা বলেন, পড়রে সোনা
আব্বা বলেন, মন দে।
পাঠে আমার মন বসে না
কাঁঠালচাঁপার গন্ধে।

আমার কেবল ইচ্ছে জাগে
নদীর কাছে থাকতে,
বকুল ডালে লুকিয়ে থেকে
পাখির মতো ডাকতে।

**প্রশ্ন-৬** কবি ও কবিতার নামসহ 'সংকল্প' কবিতার প্রথম আট লাইন লেখো। *[জিলা স্কুল, ময়মনসিংহ; ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, মোমেনশাহী; গভ. মডেল গার্লস হাই স্কুল, ব্রাহ্মণবাড়িয়া ২০২৫]*

**উত্তর:**

সংকল্প
কাজী নজরুল ইসলাম

থাকব না কো বদ্ধ ঘরে, দেখব এবার জগৎটাকে—
কেমন করে ঘুরছে মানুষ যুগান্তরের ঘূর্ণিপাকে।
দেশ হতে দেশ দেশান্তরে
ছুটছে তারা কেমন করে,
কীসের নেশায় কেমন করে মরছে যে বীর লাখে লাখে,
কীসের আশায় করছে তারা বরণ মরণ-যন্ত্রণাকে।
কেমন করে বীর ডুবুরি সিন্ধু সেঁচে মুক্তা আনে,
কেমন করে দুঃসাহসী চলছে উড়ে স্বর্গপানে।

**প্রশ্ন-৭** কবি ও কবিতার নামসহ 'ইচ্ছামতী' কবিতার প্রথম আট লাইন লেখো।

**উত্তর:**

ইচ্ছামতী
রবীন্দ্রনাথ ঠাকুর

যখন যেমন মনে করি
তাই হতে পাই যদি
আমি তবে এক্ষুনি হই
ইচ্ছামতি নদী।
রইবে আমার দখিন ধারে
সূর্য ওঠার পার,
বাঁয়ের ধারে সন্ধেবেলায়
নামবে অন্ধকার।

Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



**প্রশ্ন-৮** কবি ও কবিতার নামসহ 'শিক্ষাগুরুর মর্যাদা' কবিতার প্রথম আট লাইন লেখো।

**উত্তর:**

**শিক্ষাগুরুর মর্যাদা**
**কাজী কাদের নেওয়াজ**

বাদশাহ আলমগীর—
কুমারে তাঁহার পড়াইত এক মৌলভী দিল্লির।
একদা প্রভাতে গিয়া
দেখেন বাদশাহ— শাহজাদা এক পাত্র হস্তে নিয়া
ঢালিতেছে বারি গুরুর চরণে
পুলকিত হৃদে আনত-নয়নে,
শিক্ষক শুধু নিজ হাত দিয়া নিজেরি পায়ের ধূলি
ধুয়ে-মুছে সব করিছেন সাফ্ সঞ্চারি অঙ্গুলি।

**সুপার সাজেশন**

পরীক্ষার জন্য সর্বাধিক গুরুত্বপূর্ণ প্রশ্ন— ১, ৩, ৬, ৮

## নিজেকে যাচাই করি: কবি ও কবিতার নামসহ কবিতার প্রথম ৮ লাইন লিখন

বৃত্তি পরীক্ষায় সাফল্য নিশ্চিত করতে হলে প্রতিটি প্রশ্নের ধরনে পূর্ণ নম্বর পাওয়ার চেষ্টা করতে হবে। প্রশ্নের ধরন ১-এ তোমার প্রস্তুতি কেমন হলো তা যাচাইয়ের জন্য এখানে বিভিন্ন অধ্যায়ের সমন্বয়ে ৫ সেট প্রশ্ন দেওয়া হয়েছে। তুমি নিজে নিজে পরীক্ষা দিয়ে 'উত্তরমালা'র সঙ্গে মিলিয়ে দেখো। যদি সবগুলোর উত্তর সঠিক না হয় তাহলে পূর্বের অংশটি পুনরায় অনুশীলন করো।

**সেট ১** কবি ও কবিতার নামসহ 'দূরের পাল্লা' কবিতার প্রথম আট লাইন লেখো। ১+১+৮ = ১০

**সেট ২** কবি ও কবিতার নামসহ 'সাইক্লোন' কবিতার প্রথম আট লাইন লেখো। ১+১+৮ = ১০

**সেট ৩** কবি ও কবিতার নামসহ 'রাখাল ছেলে' কবিতার প্রথম আট লাইন লেখো। ১+১+৮ = ১০

**সেট ৪** কবি ও কবিতার নামসহ 'সংকল্প' কবিতার প্রথম আট লাইন লেখো। ১+১+৮ = ১০

**সেট ৫** কবি ও কবিতার নামসহ 'শিক্ষাগুরুর মর্যাদা' কবিতার প্রথম আট লাইন লেখো। ১+১+৮ = ১০

### উত্তরমালা: নিজেকে যাচাই করি

**সেট ১** পৃষ্ঠা ৭, প্রশ্ন নম্বর ১। **সেট ২** পৃষ্ঠা ৭, প্রশ্ন নম্বর ৩। **সেট ৩** পৃষ্ঠা ৭, প্রশ্ন নম্বর ৪। **সেট ৪** পৃষ্ঠা ৭, প্রশ্ন নম্বর ৬। **সেট ৫** পৃষ্ঠা ৮, প্রশ্ন নম্বর ৮।

## প্রশ্নের ধরন ২ শব্দার্থ লিখন

*[৫টি শব্দ থাকবে; প্রতিটির উত্তর দিতে হবে]* ১×৫ = ৫

### পাঠ ১ বৈচিত্র্যময় বাংলাদেশ

উদ্‌যাপন — পালন। *[চাঁদপুর সদর ২০২৬]*
ক্ষুদ্র জাতিগোষ্ঠী — আলাদা সাংস্কৃতিক বৈশিষ্ট্যসম্পন্ন সম্প্রদায়।
জীবিকা নির্বাহ — জীবনযাপন।
ট্রাক্টর — চাষের কাজে ব্যবহার করা হয় এমন যান্ত্রিক লাঙল।
বৈচিত্র্য — নানান ধরন। *[পিটিআই সংলগ্ন পরীক্ষণ বিদ্যালয়, ময়মনসিংহ ২০২৬]*
স্বাচ্ছন্দ্য — আরাম; স্বস্তি। *[ময়মনসিংহ সদর ২০২৬]*
হাঁড়িকুড়ি — হাঁড়ি, কলসি ইত্যাদি।
হাঁপর — কামারের চুল্লিতে হাওয়া দেওয়ার নলযুক্ত চামড়ার তৈরি থলে।
ক্ষুদ্র — ছোটো।
অঞ্চল — এলাকা।
উৎসব — আনন্দ অনুষ্ঠান।
নববর্ষ — নতুন বছর।
পহেলা বৈশাখ — বাংলা বছরের প্রথম দিন।
সাংগ্রাই — রাখাইনদের বর্ষবরণ উৎসব।
বিজু — চাকমাদের বর্ষবরণ উৎসব।
পেশা — জীবিকার উপায়।
কৃষক — যিনি কৃষিকাজ করেন।
জেলে — যিনি মাছ ধরেন।
তাঁতি — যিনি সুতা দিয়ে কাপড় বোনেন।
পরিশ্রম — মেহনত।
সমৃদ্ধ — উন্নত।
বাহন — যাতে চড়ে যাওয়া যায়।

### পাঠ ২ তিতুমীর

আগে বাড়ো — সামনে এগিয়ে যাও।
চাবকে — চাবুক মেরে।
দুর্গ — শক্তিশালী ও সুরক্ষিত সামরিক স্থাপনা। *[ময়মনসিংহ সদর ২০২৬]*
প্রশিক্ষণ — হাতে-কলমে শিক্ষা।
বাঁশের কেল্লা — বাঁশ দিয়ে তৈরি দুর্গ।
বান — বন্যা।
লড়াই — যুদ্ধ। *[পিটিআই সংলগ্ন পরীক্ষণ বিদ্যালয়, ময়মনসিংহ ২০২৬]*
শায়েস্তা — দমন; শাস্তি; সাজা। *[৮৮নং মানিকগঞ্জ সরকারি প্রাথমিক বিদ্যালয়, মানিকগঞ্জ ২০২৬]*
সেনাবহর — সেনাদল।
বংশ — গোষ্ঠী; কুল; গোত্র।
কুস্তি — দুজনের শারীরিক লড়াই।
অত্যাচার — নির্যাতন।
খাজনা — জমির কর।
ম্যাজিস্ট্রেট — বিচারক।
নীলকুঠি — ইংরেজদের নীল ব্যাবসা পরিচালনার জন্য নির্মিত ভবন।

Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



## পাঠ ৩ দূরের পাল্লা

উন্মন — উদাস; আনমনা।
চৌপর — চার প্রহর; সারা দিন। *[৮৮নং মানিকগঞ্জ সরকারি প্রাথমিক বিদ্যালয়, মানিকগঞ্জ ২০২৬]*
ছিপ — সরু নৌকা। *[শেরপুর সদর ২০২৬]*
জঞ্জাল — আগাছা।
টাঁকশাল — টাকা তৈরির কারখানা। *[পিটিআই সংলগ্ন পরীক্ষণ বিদ্যালয়, ময়মনসিংহ ২০২৬]*
তীর-ঘর — নদী তীরের ঘর।
দাঁড় — বৈঠা। *[শেরপুর সদর ২০২৬]*
দিনভর — সমস্ত দিন।
পাড়ময় — পাড়জুড়ে।
পানকৌটি — পানকৌড়ি পাখি।
পান্না — সবুজ রঙের দামি রত্ন। *[ময়মনসিংহ সদর ২০২৬]*
মন্থর — ধীরে। *[পিটিআই সংলগ্ন পরীক্ষণ বিদ্যালয়, ময়মনসিংহ ২০২৬]*
মাল্লা — মাঝি। *[পিটিআই সংলগ্ন পরীক্ষণ বিদ্যালয়, নেত্রকোণা ২০২৬]*
পাল্লা — প্রতিযোগিতা।
জলময় — জলপূর্ণ, জলযুক্ত।
কঞ্চি — বাঁশের সরু শাখা বা ডাল।
ঘোমটা — মুখ বা মাথা ঢাকার কাপড়।
কলসি — কলস, পানি বা তরল কিছু রাখার পাত্র।
শৈবাল — শ্যাওলা, একধরনের জলজ উদ্ভিদ।

## পাঠ ৪ পত্র লিখি

উক্ত — বলা হয়েছে এমন।
প্রদান — দেওয়া।
মঞ্জুর — অনুমোদন করা হয়েছে এমন।
মর্জি — খেয়াল।
নিবেদক — আবেদন করেছেন যিনি।
দায়িত্বপ্রাপ্ত — দায়িত্ব পেয়েছেন যিনি।
সম্বোধন — যে শব্দের সাহায্যে কোনো ব্যক্তিকে আহ্বান করা বা ডাকা হয়।
বক্তব্য — কথা।

## পাঠ ৫ ঠিক আছে

টলটলে — স্বচ্ছ তরল। *[পিটিআই সংলগ্ন পরীক্ষণ বিদ্যালয়, নেত্রকোণা ২০২৬]*
মেহমান — অতিথি। *[চাঁদপুর সদর ২০২৬]*
রেশন — কম মূল্যে পণ্য বিক্রয়ের ব্যবস্থা।
লিক — ছিদ্র।
শিক — লোহার কাঠি।
অসময়ে — ভুল সময়ে।
ঝামেলা — জটিলতা।
থালা — পাত্র।
ভাঙা-চোরা — নড়বড়ে অবস্থা।

## পাঠ ৬ সুখু আর দুখু

এক ছড়া কলা — এক কাঁদি কলা।
থ হয়ে যাওয়া — অবাক হয়ে যাওয়া।
পক্ষিরাজ ঘোড়া — উড়তে পারে এমন কাল্পনিক ঘোড়া।
পেট ঢোল করে খাওয়া — অতিরিক্ত খেয়ে পেট ফুলানো।
প্যাটরা — ছোট বাক্স। *[ময়মনসিংহ সদর ২০২৬]*
মলাম — মরে গেলাম।
ল্যাংচাতে ল্যাংচাতে — খোঁড়াতে খোঁড়াতে।
তাঁতি — সুতা দিয়ে বস্ত্র তৈরি করেন যিনি।
দমকা — হঠাৎ প্রবলবেগে আগত।
কচি — নবজাত; কোমল।
ধবধবে — শুভ্র ও উজ্জ্বল।
দাওয়া — বারান্দা।
চরকা — সুতো কাটার যন্ত্র।
গয়না — অলংকার; গহনা।
পান্তা — পানিতে ভিজিয়ে রাখা ভাত।
মস্ত — দীর্ঘ; বিশাল।

## পাঠ ৭ সাইক্লোন

কুঁকড়ো — মোরগ। *[৮৮নং মানিকগঞ্জ সরকারি প্রাথমিক বিদ্যালয়, মানিকগঞ্জ ২০২৬]*
কেশ — চুল।
খড়ের ঘর — যে ঘরের চাল খড়ের তৈরি।
ঘূর্ণি হাওয়া — প্রচণ্ড বেগে ঘুরতে থাকা বাতাস।
চর — নদীর ভিতর থেকে জেগে ওঠা ভূমি।
চরকি — বাতাসে ঘোরে এমন খেলনা। *[ময়মনসিংহ সদর ২০২৬]*
পক্ষীছানা — পাখির বাচ্চা।
পাঁজি — পঞ্জিকা; দিন, তারিখ ইত্যাদি হিসাবের বই।
পানির তোড় — পানির প্রবল বেগ।
ফরসা — সাদা।
বিশ্বকোষ — জ্ঞানের তথ্য যে বইয়ে অভিধানের মতো সাজানো থাকে।
যব — গমজাতীয় শস্য।
শাঁখ — শঙ্খ।
শর্ষে — সরিষা। *[শেরপুর সদর ২০২৬]*
সাইক্লোন — ঘূর্ণিঝড়।
মোষ — 'মহিষ'-এর কথ্য রূপ।
লক্ষ্মীপ্যাঁচা — পাখিবিশেষ।
খেত — চাষের জমি।
ঘূর্ণিঝড় — যে ঝড়ে বাতাস পাক খেতে খেতে এগিয়ে চলে।
পাল — নৌকায় টানানো মজবুত কাপড়, যা নৌকা চলাচলের কাজে ব্যবহৃত হয়।
রুখবে — থামাবে; বাধা দেবে।
ফুঁড়ে — ভেদ করে; ছিদ্র করে।
গুঁড়ো — চূর্ণ করা হয়েছে এমন; অতি ক্ষুদ্র।

## পাঠ ৮ রয়েল বেঙ্গল টাইগার

ঘ্রাণশক্তি — গন্ধ নেওয়ার ক্ষমতা।
চিরতরে — চিরকালের জন্য।
থাবা — কোনো জন্তুর সামনের পায়ের নখযুক্ত তালু। *[শেরপুর সদর ২০২৬]*
দৃষ্টিশক্তি — দেখার ক্ষমতা।
পরিবেশের ভারসাম্য — পরিবেশের উপাদানের মধ্যে সামঞ্জস্য।
প্রখর — তীব্র। *[ময়মনসিংহ সদর ২০২৬]*
প্রত্যঙ্গ — শরীরের অংশ।
বিপন্ন — সংকটে পড়েছে এমন।
রাজসিক — রাজার মতো। *[৮৮নং মানিকগঞ্জ সরকারি প্রাথমিক বিদ্যালয়, মানিকগঞ্জ ২০২৬]*
শ্রবণশক্তি — শোনার ক্ষমতা।
প্রজাতি — প্রাণী বা উদ্ভিদের শ্রেণিবিশেষ।
বাঘিনী — স্ত্রী বাঘ।
মাসি — মায়ের বোন; খালা।
দক্ষতা — পটুতা।
পুরু — মোটা।

বাংলা

Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



শিকার — বন্য পশুপাখি ধরা বা মেরে ফেলা।
নখর — নখ।
চিবানো — দাঁত দিয়ে পিষে ফেলা।
তীক্ষ্ণ — অত্যন্ত ধারালো; শানিত।
মজবুত — শক্তিশালী; টেকসই।
চোয়াল — মুখের যে অংশে দাঁতের পাটি থাকে।
দুর্যোগ — ঝড়, বন্যা প্রভৃতি প্রাকৃতিক বিপর্যয়।
অমূল্য — মূল্য দিয়ে কেনা যায় না এমন।
গৌরব — গর্ব; সম্মান।

## পাঠ ৯ টুকটুক ও চিকু

আনন্দ-উচ্ছ্বাসে — আনন্দমুখর পরিবেশে।
আর্তস্বর — ব্যথাসূচক শব্দ; কাতরধ্বনি।
আলতো করে — আলগোছে।
কঙ্কালসার — শরীরে হাড় ছাড়া কিছু নেই এমন; রোগা।
গ্রীষ্মের দাবদাহে — গরমকালের প্রচণ্ড তাপে।
চড়ুইভাতি — বনভোজন।
ভয়ে জড়োসড়ো — ভয়ে কুঁকড়ে যাওয়া।
হৃষ্টপুষ্ট — মোটাতাজা।
খুশির জোয়ার — অনেক আনন্দ।
ঝলমল — উজ্জ্বল।
কৌতূহলী চোখে — কোনো কিছু সম্পর্কে জানার আগ্রহ।
কাদামাটি — জলে ভেজা নরম মাটি।
উদ্বিগ্ন — চিন্তিত।
বিচলিত — অস্থির।
আঙিনা — উঠান।
যত্ন — সেবা।
ছানা — পশুপাখির বাচ্চা।
তোয়ালে — কাপড়ের টুকরা, যা কোনো কিছু মোছার জন্য ব্যবহৃত হয়।
লম্ফঝম্প — লাফালাফি।
তাড়া — ধাওয়া করা।
নিরাপদ — বিপদের আশঙ্কা নেই এমন।
যত্নবান — যত্ন সহকারে কোনো কিছু করতে অভ্যস্ত এমন।
মুঠো — বন্ধ করতল; মুষ্টি।
ক্লাব — কোনো সাধারণ স্বার্থ বা লক্ষ্য দ্বারা একত্রিত হওয়া একদল মানুষ বা সংস্থার নাম।
সহযোগিতা — সহায়তা; সাহায্য।
পাশে দাঁড়ানো — কারো কঠিন সময়ে তার পাশে থাকা।

## পাঠ ১০ রাখাল ছেলে

আবির রং — লালচে রং।
কুটির — কুঁড়েঘর।
কোথা ধাও — কোথায় ছুটে চলেছ?
চামর — পাখা।
নাও — নৌকা।
নীল-নোয়ানো — নীল আকাশ নেমে এসেছে এমন।
প্রভাত হাওয়া — সকাল বেলার বাতাস।
বাঁকা গাঁয়ের পথ — গ্রামের বাঁকা রাস্তা।
বারেক — একবার মাত্র।
মিঠেল রোদ — কোমল রোদ।
সবুজ ঘেরা গাঁ — সবুজ গাছগাছালিতে ভরা গ্রাম।
সাঁঝ-আকাশ — সন্ধ্যার আকাশ।
সোনার পাতায় ছাওয়া — শুকনা সোনালি পাতা দিয়ে ঢাকা।
গাঁ — গ্রাম।
সেথা — সেখানে।
ছাওয়া — আবৃত করা; ঢাকা।
ছাড় — মুক্তি।
পুব — পূর্বদিক।
শিশির-ঝরা ঘাসে — শিশির বিন্দুতে ভেজা ঘাসে।
স্বপন — স্বপ্ন।
পাপড়ি — ফুলের দল।
রাখাল — গবাদিপশু চরানো যার পেশা।
কইব — বলব।

## পাঠ ১১ কুটির শিল্প

ইবনে বতুতা — মরক্কোর একজন ভ্রমণকারী।
কুলা — ধান, চাল ইত্যাদি ঝাড়ার ডালা।
চটা — বাঁশের পাতলা ফালি।
চালুনি — ছাঁকার কাজে লাগে এমন ছিদ্রযুক্ত পাত্র।
তৈজসপত্র — ধাতুর তৈরি থালা-বাসন।
দৈনন্দিন — প্রতিদিনের।
ধামা — বেতের ঝুড়ি।
নিদর্শন — নমুনা।
বণিক — ব্যবসায়ী।
মোড়া — বাঁশ বা বেত দিয়ে তৈরি বসার নিচু আসন।
শতরঞ্জি — হাতে বোনা কার্পেট।
সমৃদ্ধ — উন্নত।
সূক্ষ্ম — মিহি।
পণ্য — জিনিস, সামগ্রী।
শিকা — হাঁড়ি-পাতিল ঝুলিয়ে রাখা যায় এমন পাটের সরু রশির তৈরি জিনিস।
শীতলপাটি — হাতে বোনা বিশেষ ধরনের পাটি।
নকশিকাঁথা — নকশা আঁকা কাঁথা।
আবিষ্কার — নতুন কিছু উদ্ভাবন করা।
মর্যাদা — সম্মান, গৌরব।
মসলিন কাপড় — খুব নরম তুলোর তৈরি মিহি কাপড়।
আকর্ষণীয় — যা দেখে ভালো লাগে।
গৃহসজ্জা — ঘর সাজানোর জিনিস।
সমাদর — সাদরে গ্রহণ করা।
প্রবল — অনেক, প্রচুর, বেশি।

## পাঠ ১২ শিষ্যের সাধনা

অব্যর্থ — বিফল হয় না এমন।
অহংকার — নিজেকে নিয়ে বড়াই।
একফালি — লম্বা এক টুকরা।
কৌশল — দক্ষতা; নিপুণতা।
তির চালনা — তির ছোড়া।
তিরন্দাজ — তির ছুড়তে পারদর্শী।
নিক্ষেপ — ছুড়ে মারা।
নির্বিকার — নির্লিপ্ত; পরিবর্তনহীন; আবেগহীন।
নিশানা — লক্ষ্য; তাক।
পারদর্শী — দক্ষ।
ব্যাঘাত করা — বাধা দেওয়া।
লক্ষণ — আভাস।
শিষ্য — গুরুর কাছে শিক্ষা গ্রহণ করে যে।
সাধনা — চেষ্টা; অভ্যাস।
হতভম্ব — অবাক; হতবাক।

Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



গুরু — শিক্ষক।
রাজপুত্র — রাজার ছেলে।
অনুশীলন — চর্চা করা।
শিকারি — পশুপাখি ধরে বা মেরে যে জীবিকানির্বাহ করে।
মলিন মুখে — মন খারাপ করে।
উঠান — ঘরের সামনের ফাঁকা জায়গা।
চমকে উঠল — অবাক হলো।
বিদ্যা — শিক্ষা, জ্ঞান।
দ্রুত — তাড়াতাড়ি।
পায়ের ধুলা — আশীর্বাদ নেওয়া।
নীরব — চুপ থাকা।
নিবিড় — গভীর

## পাঠ ১৩ পাখির মতো

কর্ণফুলী — একটি নদীর নাম।
কাঁঠালচাঁপা — হলুদ রঙের একধরনের ফুল।
বন্য — বুনো।
পাঠ — পড়াশোনা।
ইচ্ছে — মনের চাওয়া।
কূল — নদীর ধার।
ফেরেস্তা — স্বর্গদূত, বার্তাবাহক।
গাঁয়ে — গ্রামে।

## পাঠ ১৪ কুপোকাত

অদ্য — আজ।
অবুঝ — বোঝে না এমন।
অরণ্য — বন।
আত্মত্যাগ — পরের জন্য নিজের জীবন দিয়ে দেওয়া।
আপস — মিটমাট।
ইষ্টক — ইট।
উল্লসিত — খুশি।
কদাকার — দেখতে খারাপ।
কুপোকাত — পরাজিত; ধরাশায়ী।
ক্ষুদ্রকায় — ছোটো আকৃতির।
গর্জন — জোরালো আওয়াজ।
চিত্রিত — আঁকা।
নেপথ্যে — আড়ালে।
পদচারণা — পায়চারি।
পরিতাপ — দুঃখ।
পারঙ্গম — দক্ষ; পটু।
প্রাণপাত — মৃত্যু।
প্রাণ বিসর্জন — জীবন দেওয়া।
বজ্রনির্ঘোষ — বজ্রের মতো জোরালো আওয়াজ।
বাজিমাত — দারুণ সফলতা।
বিদঘুটে — অদ্ভুত।
ভান — নকল আচরণ।
রাক্ষস — রূপকথার কল্পিত ভয়ংকর প্রাণী।
সমবেতভাবে — একসাথে।
সর্বাঙ্গ — সারা শরীর।
সহাস্যে — হাসিমুখে।
সুরভি — সুবাস।
স্তম্ভ — থাম।
স্বয়ং — নিজে।
হৃষ্টপুষ্ট — মোটাতাজা।

ঢিবি — উঁচু জায়গা।
মহামান্য — অতিশয় সম্মানিত।
ব্যাঘ্র — বাঘ।
প্রত্যহ — প্রতিদিন।
উৎসর্গ — সৎ উদ্দেশ্যে অর্পণ।
গ্রাসে — কবলে।
অনিচ্ছুক — ইচ্ছা নেই যার।
কার্য সিদ্ধি — কাজে সফলতা পাওয়া।
শীঘ্র — তাড়াতাড়ি।
কার্য — কাজ।
গোড়া — শুরু।
পরিতৃপ্তি — পূর্ণ তৃপ্তি।
ঠাহর — মনোযোগ সহকারে দেখা।
দুশমন — শত্রু।
অবিকল — হুবহু।

## পাঠ ১৫ সংকল্প

আকাশ ফুঁড়ে — আকাশ ভেদ করে।
ঘূর্ণিপাক — পানি বা বাতাসের প্রচণ্ড ঘূর্ণন।
জগৎ — পৃথিবী।
জাপটে — দুহাতে জড়িয়ে।
টুটে — ভেঙে; ছিঁড়ে।
ডুবুরি — ডুব দিয়ে পানির তলদেশে থেকে বিভিন্ন বস্তু তুলে আনা যার পেশা।
দুঃসাহসী — নির্ভীক; অত্যধিক সাহসী।
দেশান্তর — অন্য দেশ।
পাহাড়-চূড়ে — পাহাড়ের চূড়ায়।
বন্ধ — আটকা।
বরণ — গ্রহণ।
মরণ-যন্ত্রণা — মৃত্যুর কষ্ট।
যুগান্তর — অন্য যুগ।
যুগান্তরের ঘূর্ণিপাকে — সময়ের আবর্তে।
লুটে — ছড়িয়ে।
সংকল্প — মনের ইচ্ছা; মনোবাসনা।
সিন্ধু — সাগর।
সিন্ধু-যান — জাহাজ।
বীর — সাহসী।
লাখে লাখে — অসংখ্য, অগণিত।
আশায় — প্রত্যাশায়।
মুক্তা — ঝিনুকের ভিতর তৈরি হওয়া দামি বস্তু।
স্বর্গপানে — স্বর্গের দিকে।
মানিক — মূল্যবান রত্ন।
জোয়ার — নদী বা সমুদ্রের জল বৃদ্ধি।
বান — বন্যা।
ভুবন — জগৎ, পৃথিবী।
আকাশ — গগন।
পাতাল — গভীর তলদেশ।

## পাঠ ১৬ স্মরণীয় যাঁরা বরণীয় যাঁরা

অবধারিত — ঘটবেই এমন।
অবরুদ্ধ — বন্দি; আটক।
আত্মদানকারী — অন্যের উপকারের জন্য নিজের জীবন দান করেন যিনি।
খ্যাতনামা — বিখ্যাত।
নির্বিচারে — বাছবিচার না করে।
পাষণ্ড — নিষ্ঠুর; নির্মম ব্যক্তি।

Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



বরেণ্য — বরণ করার যোগ্য।
মনস্বী — জ্ঞানী।
আক্রান্ত — আক্রমণ করা হয়েছে এমন।
স্বাধীনতা — বাধাহীনতা; স্বচ্ছন্দতা।
নিরস্ত্র — অস্ত্রশূন্য।
ব্যারাক — সেনাশিবির।
ঔষধালয় — ওষুধ বিক্রয়ের দোকান।
দানবীর — অত্যন্ত দানশীল।
পরাজয় — হার; পরাভব।
বিক্ষত — আঘাতপ্রাপ্ত।
বধ্যভূমি — হত্যা করার স্থান।
সন্ধান — খোঁজ; অন্বেষণ।
স্মরণ — স্মৃতি।
ব্যর্থ — অসফল।

## পাঠ ১৭ মাটির নিচে পুরানো নগর

ইতিহাসবিদ — ইতিহাস বিষয়ে অভিজ্ঞ যিনি।
দুর্গ — শত্রুসৈন্য সহজে প্রবেশ করতে পারে না এমন স্থান।
নিদর্শন — প্রমাণ; উদাহরণ।
প্রত্নতত্ত্ববিদ — প্রাচীন ইতিহাস ও উপকরণ নিয়ে কাজ করেন যিনি।
মৃত্তিকা — মাটি।
রৌপ্যমুদ্রা — রুপার তৈরি মুদ্রা বা টাকা।
সাম্রাজ্য — সম্রাটের শাসনাধীন রাজ্য।
অঞ্চল — এলাকা।
খ্রিষ্টপূর্ব — যিশুখ্রিষ্টের জন্মের আগের সময়।
হাতিয়ার — হাতে বহন করার অস্ত্র।
সমৃদ্ধ — উন্নত।
ত্রিকোণাকৃতির — তিন কোণ বিশিষ্ট বস্তু।
সুচালো — সুচের মতো চিকন।
প্রচুর — অনেক।
সন্ধান — খোঁজ।
তৈজসপত্র — ধাতুনির্মিত পাত্রবিশেষ।
আবরণ — ঢাকনা; আচ্ছাদন।
নগর — শহর।
ধাতব বস্তু — ধাতু দিয়ে তৈরি জিনিস।

## পাঠ ১৮ ইচ্ছামতী

আধেক — অর্ধেক।
ঘাটের ধাপ — ঘাটের সিঁড়ি।
ডাঙা — তীর; শুকনো জায়গা।
দখিন ধারে — ডান দিকে।
নতুনতরো — অন্যরকম।
নাইতে — গোসল করতে।
বরন — বর্ণ; রং।
রাত্তির — রাতের বেলা
একখনি — এখনই।
বায়ের ধারে — বাম পাশে।
কইব — বলব।
ঘাট — পুকুর বা নদীতে নামার স্থান।
সাঁতরে — সাঁতার কেটে।
বেশ — খুব।
অদ্ভুত — আশ্চর্যজনক।
একশেষ — চূড়ান্ত বা চরম অবস্থা।
পানে — দিকে।

## পাঠ ১৯ ভাষার খেলা

মেলা — উৎসব উপলক্ষ্যে আয়োজিত অস্থায়ী হাট।
স্বাধীন — পরাধীন নয় এমন, বাধাহীন, স্বচ্ছন্দ।
নবাব — মুসলমান সামন্তশাসক।

## পাঠ ২০ শিক্ষাগুরুর মর্যাদা

অঙ্গুলি — আঙুল।
অনর্গল — একটানা।
আনত-নয়নে — নিচু চোখে।
উচ্চরবে — উঁচু কণ্ঠে।
উচ্ছ্বাস — উল্লাস; আনন্দ।
কুমার — ছেলে।
কুর্নিশ করি — অভিবাদন জানিয়ে।
কেল্লা — দুর্গ।
খাস কামরা — নিজের ঘর।
গুরু — শিক্ষক।
চরণ — পা।
জাহাঁপনা — বাদশাহর জন্য সম্মানসূচক সম্বোধন।
টুটি — ভেঙে।
তফাতে — দূরে।
তাহে — তাতে।
দিল্লির পতি — দিল্লির অধিপতি বা শাসক।
দূত — সংবাদ বহন করে আনেন যিনি।
ধূলি — ধুলা।
নিরালায় — নির্জনে; নিরিবিলিতে।
নিস্তার — রক্ষা।
পুত্রের করে — ছেলের হাতে।
পুলকিত হৃদে — আনন্দিত মনে।
প্রক্ষালন — ধোওয়ার কাজ।
প্রাতে — সকালে।
বারি — পানি।
ভাবি উঠি — ভেবে উঠে।
ভালে — কপালে।
মৌলভী — পণ্ডিত।
যবে — যখন।
শির — মাথা।
শুধালে — শুধাল; জিজ্ঞেস করল।
সঞ্চারি — নাড়াচাড়া করে।
সযতনে — যত্নের সাথে।
সাফ — পরিষ্কার।
স্পর্ধা — দুঃসাহস।
স্বয়ং — নিজে।
হস্তে — হাতে।
হেন — এমন।
শাহজাদা — বাদশাহর পুত্র।
কর — হাত।
শাস্ত্র — বই, গ্রন্থ, আদেশ, নির্দেশিকা।
শাহানশাহ — বাদশাহ, রাজাধিরাজ।
সৌজন্য — ভদ্রতা, শিষ্টাচার।
স্মরি — স্মরণ করে।

Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



## পাঠ ২১ বিদায় হজের ভাষণ

আমির — নেতা; শাসক।
গোলাম — চাকর।
জিলকদ — আরবি বছরের একাদশ মাস।
বৈষম্য — পার্থক্য।
সমবেত — একসঙ্গে হয়েছে এমন।
হিজরি — মুসলিমদের চালু করা বছর।
সাম্য — সমতা।
খ্যাত — পরিচিত।
স্মরণ — মনে করা।
হাজির — উপস্থিত।
নিষ্ঠুর — নৃশংস, কঠোর।
সম্পত্তি — জায়গাজমি, সম্বল।
যোগ্যতা — সামর্থ্য, উপযুক্ততা।
দখল — অধিকার, আয়ত্তে আনয়ন।
মর্যাদা — সম্মান।
আদর্শ — অনুকরণযোগ্য শ্রেষ্ঠ বিষয়।
পথ — রাস্তা।

## পাঠ ২২ আমরা তোমাদের ভুলব না

আক্রমণ — অন্যের ওপর হামলা।
আন্দোলন — কোনো দাবি আদায়ের জন্য একসাথে বিক্ষোভ করা।
ক্যান্টনমেন্ট — সেনানিবাস।
গণ-অভ্যুত্থান — দেশের মানুষের সম্মিলিত আন্দোলন।
বৈষম্য — পার্থক্য; প্রভেদ; অসমতা।
যুদ্ধ — লড়াই, সংগ্রাম।
আত্মাহুতি — নিজের জীবন বিসর্জন।
স্মরণ — মনে রাখা।
চিরদিন — চিরকাল।
অমলিন — উজ্জ্বল।
নির্মম — মমতাহীন।
অগণিত — অসংখ্য।

## পাঠ ২৩ পোস্টার লিখি, প্ল্যাকার্ড লিখি

রাস্তা — পথ।
ছানা — পশুপাখির বাচ্চা।
দালান — ইট বা পাথরের তৈরি পাকা বাড়ি।
সচেতন — সজাগ; সতর্ক।
পোস্টার — দেওয়াল প্রভৃতিতে সেঁটে লাগানো যায় এমন বড়ো কাগজে লেখা বিজ্ঞপ্তি।
প্ল্যাকার্ড — বহন করা যায় এমন বিজ্ঞপ্তি।
ফালি — লম্বালম্বিভাবে কাটা টুকরা।
নমুনা — উদাহরণ।
মার্কার কলম — লেখা চিহ্নিত করার কলম।

**সুপার সাজেশন**

পরীক্ষার জন্য সর্বাধিক গুরুত্বপূর্ণ প্রশ্ন— সবগুলো শব্দার্থই গুরুত্বপূর্ণ। তবে বিভিন্ন পরীক্ষায় আসা শব্দার্থগুলো অধিক গুরুত্ব দিয়ে অনুশীলন করবে।

## নিজেকে যাচাই করি: শব্দার্থ লিখন

বৃত্তি পরীক্ষায় সাফল্য নিশ্চিত করতে হলে প্রতিটি প্রশ্নের ধরনে পূর্ণ নম্বর পাওয়ার চেষ্টা করতে হবে। প্রশ্নের ধরন ২-এ তোমার প্রস্তুতি কেমন হলো তা যাচাইয়ের জন্য এখানে বিভিন্ন অধ্যায়ের সমন্বয়ে ১০ সেট প্রশ্ন দেওয়া হয়েছে। তুমি নিজে নিজে পরীক্ষা দিয়ে 'উত্তরমালা'র সঙ্গে মিলিয়ে দেখো। যদি সবগুলোর উত্তর সঠিক না হয় তাহলে পূর্বের অংশটি পুনরায় অনুশীলন করো।

**সেট ১** নিচের শব্দগুলোর অর্থ লেখো: ১×৫= ৫
ক্ষুদ্র জাতিগোষ্ঠী, লড়াই, মস্ত, আর্তস্বর, কুলা

**সেট ২** নিচের শব্দগুলোর অর্থ লেখো: ১×৫= ৫
ধুলায় মিশে যাওয়া, ফেরেস্তা, প্রত্যহ, খ্যাতনামা, খ্রিস্টপূর্ব

**সেট ৩** নিচের শব্দগুলোর অর্থ লেখো: ১×৫= ৫
চাবকে, প্রত্যঙ্গ, নিবিড় ,সমবেত, দালান

**সেট ৪** নিচের শব্দগুলোর অর্থ লেখো: ১×৫= ৫
থ হয়ে যাওয়া, কুপোকাত, তৈজসপত্র, সম্পত্তি, স্মরণ

**সেট ৫** নিচের শব্দগুলোর অর্থ লেখো: ১×৫= ৫
স্বাচ্ছন্দ্য, আর্তস্বর, আকর্ষণীয়, পারঙ্গম, পরাজয়

**সেট ৬** নিচের শব্দগুলোর অর্থ লেখো: ১×৫= ৫
শৈবাল, ফরসা, যুগান্তর, মেলা, সঞ্চারি

**সেট ৭** নিচের শব্দগুলোর অর্থ লেখো: ১×৫= ৫
দিনভর, খড়ের ঘর, বন্য, পাতাল, বায়ের ধারে

**সেট ৮** নিচের শব্দগুলোর অর্থ লেখো: ১×৫= ৫
লিক, চামর, ফেরেস্তা, নবাব, প্রক্ষালন

**সেট ৯** নিচের শব্দগুলোর অর্থ লেখো: ১×৫= ৫
ঝামেলা, মোষ, বারেক, দখিন ধারে, জাহাঁপনা

**সেট ১০** নিচের শব্দগুলোর অর্থ লেখো: ১×৫= ৫
ছিপ, জাপটে, উচ্চরবে, বিশ্বকোষ,আত্মাহুতি

## উত্তরমালা: নিজেকে যাচাই করি

**সেট ১** আলাদা সাংস্কৃতিক বৈশিষ্ট্যসম্পন্ন সম্প্রদায়; যুদ্ধ; দীর্ঘ; বিশাল; ব্যথাসূচক শব্দ, কাতরধ্বনি; ধান, চাল ইত্যাদি ঝাড়ার ডালা। **সেট ২** শেষ হয়ে যাওয়া; স্বর্গদূত, বার্তাবাহক; প্রতিদিন; বিখ্যাত; যিশুখ্রিস্টের জন্মের আগের সময়। **সেট ৩** চাবুক মেরে; শরীরের অংশ; গভীর; একসঙ্গে হয়েছে এমন; ইট বা পাথরের তৈরি পাকা বাড়ি। **সেট ৪** অবাক হয়ে যাওয়া; পরাজিত; ধরাশায়ী; ধাতুনির্মিত পাত্রবিশেষ; জায়গাজমি, সম্বল; মনে রাখা। **সেট ৫** আরাম, স্বস্তি; ভয়ে জড়োসড়ো; যা দেখে ভালো লাগে, দক্ষ; পটু, হার; পরাভব। **সেট ৬** শ্যাওলা, একধরনের জলজ উদ্ভিদ; সাদা; অন্য যুগ; উৎসব উপলক্ষ্যে আয়োজিত অস্থায়ী হাট; নাড়াচাড়া করে। **সেট ৭** সমস্ত দিন; যে ঘরের চাল খড়ের তৈরি; বুনো; গভীর তলদেশ; বাম পাশে **সেট ৮** ছিদ্র; পাখা; স্বর্গদূত, বার্তাবাহক; মুসলমান সামন্তশাসক; ধোওয়ার কাজ। **সেট ৯** জটিলতা; 'মহিষ'-এর কথ্য রূপ; একবার মাত্র; ডান দিকে; বাদশাহর জন্য সম্মানসূচক সম্বোধন। **সেট ১০** সরু নৌকা; দুহাতে জড়িয়ে; উঁচু কণ্ঠে; জ্ঞানের তথ্য যে বইয়ে অভিধানের মতো সাজানো থাকে, নিজের জীবন বিসর্জন।

Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



## প্রশ্নের ধরন ৩ বাক্য গঠন

*[৫টি শব্দ থাকবে: প্রতিটি শব্দ দিয়ে একটি করে বাক্য গঠন করতে হবে]* ১×৫ = ৫

### পাঠ ১ বৈচিত্র্যময় বাংলাদেশ

বৈচিত্র্য — বাংলাদেশের মানুষের পেশায় আছে বৈচিত্র্য।
পার্বত্য — রাঙামাটি একটি পার্বত্য জেলা।
গারো — ময়মনসিংহ অঞ্চলে গারো সম্প্রদায়ের মানুষ বসবাস করে।
নববর্ষ — বাংলা নববর্ষ উপলক্ষ্যে আমাদের গ্রামে মেলা হয়।
উৎসব — হিন্দুদের প্রধান ধর্মীয় উৎসব দুর্গাপূজা।
পেশা — বাংলাদেশে নানা পেশার মানুষ বসবাস করে।
জাতিগোষ্ঠী — বাংলাদেশে বহু জাতিগোষ্ঠীর মানুষ আছে।

### পাঠ ২ তিতুমীর

ওষুধ — অসুখ হলে ওষুধ খাও।
স্বাধীন — আমরা স্বাধীন দেশের নাগরিক।
জমিদার — জমিদারের অত্যাচারে প্রজারা অতিষ্ঠ ছিল।
তরবারি — তিতুমীর তরবারি চালনা শিখেছিলেন।
ইংরেজ — ইংরেজরা প্রায় দুশো বছর বাংলাদেশ শাসন করেছে।
খাজনা — জমিদার খাজনা আদায় করত।
নীলচাষ — ইংরেজরা চাষীদের নীলচাষে বাধ্য করেছিল।
নীলকুঠি — ইংরেজরা নীলকুঠি বানিয়েছিল।
বন্দি — কেউ বন্দি থাকতে চায় না।
তরুণ — তরুণরা বিপদে সবার আগে এগিয়ে আসে।

### পাঠ ৩ দূরের পাল্লা

দাঁড় — নৌকায় দাঁড় থাকে।
পাল্লা — রাকিব ও হাসিব দৌড়ের পাল্লা লেগেছে।
জঙ্গল — বাড়ির পাশের জঙ্গলে আমার বলটি হারিয়ে গিয়েছে।
শৈবাল — পুকুর ঘাটে শৈবাল জন্মেছে।
গান — আমার গান গাইতে ভালো লাগে।

### পাঠ ৪ পত্র লিখি

তারিখ — তুমি কত তারিখে জন্মগ্রহণ করেছ?
বরাবর — প্রধান শিক্ষক বরাবর একটি আবেদনপত্র লেখো।
বিষয় — আবেদনপত্রে বিষয় লিখতে হয়।
সম্বোধন — শিক্ষককে আমরা স্যার বলে সম্বোধন করি।
বক্তব্য — প্রধান শিক্ষক বক্তব্য রাখলেন।
অনুরোধ — স্যারকে অনুরোধ করো।
পরিচয় — স্যারকে তোমার পরিচয় দাও।

### পাঠ ৫ ঠিক আছে

মেহমান — বাড়িতে মেহমান এসেছেন।
ঝামেলা — ঝামেলার সমাধান করা দরকার।
ঠিক — তুমি ঠিক কখন আসবে?
রেশন — সরকার আমাদের রেশন দেয়।
বাসি — বাসি খাবার খাবে না।
মেঘ — মেঘ থেকে বৃষ্টি হয়।
শিক — ছাতাটার শিক ভেঙে গেছে।

### পাঠ ৬ সুখু আর দুখু

সময় — আমি ঠিক সময়ে ক্লাসে উপস্থিত হয়েছি। *[ময়মনসিংহ সদর ২০২৬]*
রোদ — সকালের রোদ পোহাতে ভালো লাগে।
লতাপাতা — বাগানে লতাপাতা জন্মেছে।
বাতাস — সকালে ঠান্ডা বাতাস বইছে।
নরম — পিঠাগুলো খেতে নরম ও সুস্বাদু।
পুকুর — পুকুরে বড়ো বড়ো মাছ লাফাচ্ছে।
অদ্ভুত — ছবিটি খুব অদ্ভুত দেখাচ্ছে।

### পাঠ ৭ সাইক্লোন

শিক্ষা — ভুল থেকে আমাদের শিক্ষা নেওয়া উচিত।
বিশ্বকোষ — বিশ্বকোষ সভ্যতা ও সমাজের বাতিঘর। *[ময়মনসিংহ সদর ২০২৬]*
ঘূর্ণি হাওয়া — কালবৈশাখির ঘূর্ণি হাওয়া ফসলের ব্যাপক ক্ষতি করে।
আকাশ ভেঙে — সারা রাত আকাশ ভেঙে বৃষ্টি হয়েছে।
খড়ের ঘর — খড়ের ঘরগুলো দেখতে বড়োই সুন্দর।
মোষ — রাখাল মাঠে মোষ চরায়।
বই — বই পড়তে আমার ভালো লাগে।
লক্ষ্মীপ্যাঁচা — ঝড়ের কবলে পড়ে লক্ষ্মীপ্যাঁচাটি দিশাহারা হয়ে পড়েছে।
পক্ষীছানা — বাসা ভেঙে যাওয়ায় পক্ষীছানাগুলো বিপদে পড়েছে।
চরকি — প্রবল বাতাসে সবকিছু চরকির মতো ঘুরছে।
তোড় — পানির তোড় আটকানোর সাধ্য কারো নেই।
চর — নদীতে নতুন চর জেগেছে।
শেয়াল — বাতাসের তাণ্ডবে শেয়ালগুলো ছোটাছুটি করছে।
শালিক — শালিক পাখি আমার খুব পছন্দের।
চম্পাবতী — চম্পাবতীর এলোমেলো চুল হাওয়ায় উড়ছে।
ফরসা — ফরসা আকাশ হঠাৎ কালো মেঘে ঢেকে গেল।
সাইক্লোন — গত মাসে সাইক্লোন হয়েছিল।

### পাঠ ৮ রয়েল বেঙ্গল টাইগার

জাতীয় — আমাদের জাতীয় পাখির নাম দোয়েল।
বাংলাদেশ — ঢাকা বাংলাদেশের রাজধানী।
বাঘ — সুন্দরবনে বাঘ দেখা যায়।
নদী — বাংলাদেশে অনেক নদী রয়েছে।
রাজত্ব — রাজা তার রাজত্ব দেখাশোনা করেন।
পরিবেশ — শব্দদূষণের ফলে পরিবেশ দূষিত হয়।
খাদ্য — ভাত-মাছ বাঙালিদের প্রধান খাদ্য।
সুন্দরবন — সুন্দরবন আমাদের জাতীয় সম্পদ।
শিকার — ঈগল খুব দক্ষতার সাথে শিকার ধরে।
বিড়াল — বিড়াল একটি গৃহপালিত পশু।

### পাঠ ৯ টুকটুক ও চিকু

কৌতূহলী — রিমি কৌতূহলী হয়ে বিড়ালটিকে দেখতে গেল।
জড়োসড়ো — ছেলেটি ভয়ে জড়োসড়ো হয়ে বসেছিল।
কঙ্কালসার — বিড়ালটির কঙ্কালসার শরীর দেখে মন খারাপ হয়ে গেল।
বিচলিত — শিশুর কান্না শুনে মা বিচলিত হয়ে ছুটে গেলেন।
আর্তস্বর — বিড়ালের আর্তস্বর শুনে তার মন কেঁদে উঠল।
হৃষ্টপুষ্ট — বিড়ালটি সুস্থ ও হৃষ্টপুষ্ট হয়ে উঠল।
লম্ফঝম্প — সারাদিন বিড়ালের লম্ফঝম্পে মা অতিষ্ঠ হয়ে গেল।
চড়ুইভাতি — ছোট্ট শিশুরা চড়ুইভাতির আয়োজন করেছে।
দাবদাহ — গ্রীষ্মের দাবদাহে বাইরে যাওয়া মুশকিল।
ক্লাব — বিদ্যালয়ে বিজ্ঞান ক্লাব থাকা জরুরি।

### পাঠ ১০ রাখাল ছেলে

একলা ঘরে — সে একলা ঘরে বসে গান শুনছে।
রঙিন মেঘ — বিকালের আকাশে রঙিন মেঘ দেখে ছেলেটি মুগ্ধ হয়ে গেল।
কলার পাতা — কলার পাতা নানা কাজে ব্যবহার করা হয়।
শিশির-ঝরা — শিশির-ঝরা ঘাসগুলো রোদে ঝিলমিল করছে।
ছোট কুটির — নদীর ধারে একটা ছোট্ট কুটির দেখা যাচ্ছে।
সোনা — সোনা একটি মূল্যবান ধাতু।
প্রভাত — প্রভাতের হাওয়া শরীরের জন্য ভালো।
শিশির — ঘাসগুলো শিশিরে ভেজা ছিল।

Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



আকাশ — আকাশে মেঘ জমেছে।
[পিটিআই সংলগ্ন পরীক্ষণ বিদ্যালয়, ময়মনসিংহ ২০২৫]
রাখাল — রাখাল মাঠে গরু চরায়।
মেঘ — মেঘ থেকে বৃষ্টি হয়।
রোদ — আজ খুব রোদ উঠেছে।
খেলা — শিশুরা মাঠে খেলা করছে।
সাঁঝ — সূর্য ডোবার পর সাঁঝ নামে।
হাওয়া — কী শীতল হাওয়া বইছে!

## পাঠ ১১ কুটির শিল্প

কুটির — বাংলাদেশে অনেক ধরনের কুটির পণ্য রয়েছে।
সমৃদ্ধ — বাংলাদেশ কুটির শিল্পে সমৃদ্ধ।
সূক্ষ্ম — মাটির জিনিসপত্র তৈরিতে সূক্ষ্ম বিষয় খেয়াল রাখতে হয়।
তৈজসপত্র — কাঁসা-পিতলের তৈজসপত্র আমার অনেক পছন্দের।
নিদর্শন — শীতলপাটি বাংলাদেশের নিদর্শন হিসেবে মর্যাদা পেয়েছে।
মোড়া — মোড়া তৈরিতে বাঁশ ব্যবহৃত হয়।
কুলা — কুলা দিয়ে ধান পরিষ্কার করা হয়।
বাংলাদেশ — বাংলাদেশের রাজধানী ঢাকা।
নকশিকাঁথা — নকশিকাঁথা বাংলাদেশের ঐতিহ্য।
বিখ্যাত — কাজী নজরুল ইসলাম একজন বিখ্যাত কবি।
মসলিন — মসলিন কাপড় অনেক নরম ও হালকা।
আবিষ্কার — টেলিফোনের আবিষ্কার মানুষের জীবন সহজ করেছে।
তাঁত — তাঁত বাংলাদেশের ঐতিহ্যবাহী শিল্প।
শীতলপাটি — শীতলপাটিতে বসে বিশ্রাম করছি।
আকর্ষণ — ফুলের সৌন্দর্য মানুষকে আকর্ষণ করে।
পুতুল — বাচ্চারা পুতুল দিয়ে খেলতে ভালোবাসে।
জামদানি — বাংলাদেশের জামদানি শাড়ি বিশ্ব বিখ্যাত।

## পাঠ ১২ শিষ্যের সাধনা

অব্যর্থ — একলব্যের হাতের নিশানা ছিল অব্যর্থ।
একফালি — আকাশে একফালি চাঁদ উঠেছে।
কৌশল — একলব্য দারুণ কৌশলে তির মারতে পারত।
তিরন্দাজ — তৃতীয় রাজপুত্র নিজেকে সেরা তিরন্দাজ ভেবে গর্ব করেছিল।
নিক্ষেপ — তৃতীয় রাজপুত্র হরিণটির দিকে তির নিক্ষেপ করল।
নির্বিকার — লোকটি নির্বিকার মুখে মিথ্যা বলে যাচ্ছিল।
নিশানা — তিরটি নিশানায় আঘাত করেনি।
পারদর্শী — মা রান্নায় পারদর্শী।
লক্ষণ — আকাশের লক্ষণ দেখে মনে হচ্ছে বৃষ্টি হবে।
শিষ্য — দ্রোণ একলব্যকে শিষ্য বলে গ্রহণ করেননি।
সাধনা — নিবিড় সাধনা একলব্যকে সেরা তিরন্দাজ বানিয়েছে।
হতভম্ব — ছেলেটি হতভম্ব হয়ে দাঁড়িয়েছিল।

## পাঠ ১৩ পাখির মতো

কাঁঠালচাঁপা — বাগানে কাঁঠালচাঁপার গন্ধে চারপাশ ম-ম করছে।
নদী — আমাদের দেশের ভিতর দিয়ে অনেক নদী বয়ে গেছে।
বকুল — বকুল ফুলের গন্ধ আমার ভালো লাগে।
পাখি — গাছের ডালে পাখি বসে মিষ্টি সুরে গান গায়।
কর্ণফুলী — আমার গ্রামের পাশ দিয়ে কর্ণফুলী নদী বয়ে গেছে।
চাঁদ — পূর্ণিমার চাঁদ দেখতে খুব সুন্দর।
সবুজ — গ্রামের মাঠে সবুজ ধানের চারা বাতাসে দুলছে।
মানুষ — মানুষ মানুষের জন্য, জীবন জীবনের জন্য।

## পাঠ ১৪ কুপোকাত

কুপোকাত — লোকটি কুপোকাত হয়ে গেল।
বিদঘুটে — বনের ভিতর থেকে বিদঘুটে আওয়াজ আসছে।
পদচারণা — তার পদচারণায় সব সুন্দর হয়ে উঠল।
সুরভি — ফুলের সুরভি চারদিকে ছড়িয়ে পড়েছে।
বাজিমাত — এবারের পরীক্ষায় সে বাজিমাত করেছে।
পারঙ্গম — তিনি সংগীত বিষয়ে অত্যন্ত পারঙ্গম।
হৃষ্টপুষ্ট — সবজি খেয়ে সে হৃষ্টপুষ্ট হয়েছে।
অরণ্য — অরণ্যে নানান প্রজাতির পশুপাখি থাকে।
জনসভা — পশুরা মিলে একটি জনসভা করেছে।
খরগোশ — খরগোশ অনেক ছোটো প্রাণী।
সভাপতি — মোষ ছিল পশুদের সভাপতি।
আলোচনা — শেয়াল আলোচনা শেষ করার সিদ্ধান্ত নিল।
উপহার — বাঘকে একটি করে পশু উপহার দিতে হবে।
অনুসরণ — খরগোশ কৌশলের পথ অনুসরণ করেছিল
অসুবিধা — বাঘের কারণে পশুদের অসুবিধা হচ্ছিল।

## পাঠ ১৫ সংকল্প

সংকল্প — পরীক্ষায় ভালো করার জন্য সংকল্প থাকা দরকার।
[ব্রাহ্মন্দী কামিনী কিশোর মৌলিক সরকারি উচ্চ বিদ্যালয়, নরসিংদী; বিএএফ শাহীন কলেজ, ঢাকা ২০২৫]
দেশান্তর — বড়ো হয়ে আমি দেশ-দেশান্তরে ঘুরে বেড়াব।
[গভ. ল্যাবরেটরি হাই স্কুল, ঢাকা ২০২৫]
অচিনপুর — এক যে ছিল অচিনপুরের রাজকন্যা।
[বিসিআইসি কলেজ ২০২৫]
ফেড়ে — টানাটানি করায় পাতলা কাপড়টি ফেড়ে গেল।
[ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, মোমেনশাহী ২০২৫]
দুঃসাহসী — দুঃসাহসী মুক্তিযোদ্ধারা দেশ স্বাধীন করেছেন।
বীর — একজন বীর তাঁর সাহস ও আত্মত্যাগের জন্য স্মরণীয় হয়ে থাকেন।
মরণ — মানুষ মরণশীল।
মুক্তা — ঝিনুক থেকে মুক্তা পাওয়া যায়।
সাগর — সাগরের বিশালতা দেখে আমরা মুগ্ধ হয়েছি।
আকাশ — আকাশের রং নীল।
বিশ্ব — সারা বিশ্বে মসলিন কাপড়ের খ্যাতি করেছে।
ডুবুরি — ডুবুরি দল একটি ডুবন্ত জাহাজ খুঁজে বের করেছে।
যুদ্ধ — যুদ্ধ মানেই ধ্বংস।
জল — বরফ গলে জলে পরিণত হয়।

## পাঠ ১৬ স্মরণীয় যাঁরা বরণীয় যাঁরা

স্বাধীনতা — লক্ষ প্রাণের বিনিময়ে আমরা পেয়েছি স্বাধীনতা।
কৃষক — কৃষক আমাদের খাদ্যের জোগান দেয়।
ঘুমন্ত — পাকিস্তানিরা ঘুমন্ত মানুষের ওপর ঝাঁপিয়ে পড়ে।
শিক্ষক — আমার বাবা পেশায় একজন শিক্ষক।
রাষ্ট্রভাষা — বাংলা আমাদের রাষ্ট্রভাষা।
সমাজসেবক — সফিক সাহেব একজন সমাজসেবক।
পরাজয় — বাঙালি জাতি পরাজয় বরণ করে নেয়নি।
হত্যাযজ্ঞ — পঁচিশে মার্চ কালরাতে বাংলাদেশে ব্যাপক হত্যাযজ্ঞ চালানো হয়।

## পাঠ ১৭ মাটির নিচে পুরানো নগর

গৌরব — জগদীশচন্দ্র বসু বাঙালির গৌরব।
প্রাচীন — জাদুঘরে প্রাচীন মুদ্রা রয়েছে।
নগর — নগরের রাস্তা খুব ব্যস্ত।
নমুনা — দোকানে পণ্য কেনার আগে নমুনা দেখা যায়।
শীতলক্ষ্যা — আমরা শীতলক্ষ্যা নদীর পাড়ে ঘুরতে গিয়েছিলাম।
শ্রমিক — শ্রমিকেরা মাঠে কাজ করছে।
মুদ্রা — আমার কাছে একটি রুপার মুদ্রা রয়েছে।
সভ্যতা — আমাদের দেশের প্রাচীন সভ্যতা অনেক সমৃদ্ধ।
পরিকল্পনা — কাজ করার আগে পরিকল্পনা করে নেওয়া ভালো।
সন্ধান — পাহাড়ের উপর একটি মন্দিরের সন্ধান পাওয়া গেল।
নিদর্শন — জাদুঘরে অনেক প্রাচীন নিদর্শন রাখা আছে।
প্রাচীনকাল — প্রাচীনকালে বাংলাদেশ সমৃদ্ধ ছিল।
ময়নামতি — ময়নামতি কুমিল্লায় অবস্থিত।
ত্রিকোণাকৃতি — শ্রমিকেরা লোহার ত্রিকোণাকৃতির জিনিস পেল।
প্রত্নতত্ত্ববিদ — প্রত্নতত্ত্ববিদরা প্রাচীন নির্দশন নিয়ে কাজ করেন।
পরিকল্পনা — পরিকল্পনা করে কাজ করলে কাজ সহজ হয়।

Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



## পাঠ ১৮ ইচ্ছামতী

সূর্য — সূর্য পূর্ব দিকে ওঠে।
সন্ধেবেলা — সন্ধেবেলা পাখিরা সব নীড়ে ফেরে।
অন্ধকার — অন্ধকার নেমে এসেছে ধীরে ধীরে।
মাঠ — মাঠ সবুজ ঘাসে ঢাকা।
রাশি — আকাশে রাশি রাশি তারা ঝলমল।
টুকরো — ফুলদানিটি পড়ে টুকরো হয়ে গেল।
হাসি — তোমার হাসি সুন্দর।
পরী — আমি আমার দাদির কাছে পরীর গল্প শুনেছিলাম।
সবুজ — গাছে সবুজ পাতা ঝলমল করছে।
ডাঙা — নদীর ডাঙায় নৌকা বাঁধা আছে।

## পাঠ ১৯ ভাষার খেলা

দিয়ে — রংতুলি দিয়ে ছবি আঁকো।
উপর — উপর থেকে নিচে নেমে আসো।
কাছে — আমরা হরিণের খুব কাছে গিয়েছিলাম।
থেকে — কাল থেকে পরীক্ষা শুরু হবে।
পক্ষে — আমি তোমার পক্ষে আছি।
মেলা — আমরা আজ মেলায় যাচ্ছি।
আকাশ — আকাশে মেঘ করেছে।
ট্রেন — ট্রেনটি অনেকক্ষণ দাঁড়িয়ে আছে।
সকাল — সকালে পূর্ব দিকে সূর্য ওঠে।
শিকারি — হরিণটি শিকারিকে দেখে ভয় পেল।
ক্ষমা — ক্ষমা করা মহৎ গুণ।
বাড়ি — বাড়ি ফিরে যাও।
কষ্ট — কষ্ট পেয়ো না।

## পাঠ ২০ শিক্ষাগুরুর মর্যাদা

বাদশাহ — বাদশাহকে সবাই ভয় পায়।
প্রভাত — প্রভাতের হাওয়া শরীরের জন্য ভালো।
ধূলি — শিশুটি গায়ে ধূলি মাখছে।
নিস্তার — বেয়াদবি করলে নিস্তার নেই।
শিক্ষক — শিক্ষক আমাদের গুরুজন।
অবহেলা — কাউকে অবহেলা করা উচিত নয়।
শির — মিথ্যার কাছে শির নত কোরো না।
মৌলভী — মৌলভী আমাদের ধর্মীয় শিক্ষা দেন।
শাহজাদা — রাজার পুত্রকে শাহজাদা বলা হয়।
অপরাধ — অপরাধ করলে শাস্তি পেতে হয়।
অনর্গল — মিতু ইংরেজিতে অনর্গল কথা বলতে পারে।
বেয়াদবি — শিক্ষকের সঙ্গে বেয়াদবি করা উচিত নয়।
নিরালায় — তিনি কথা বলার জন্য আমাকে নিরালায় ডেকে নিয়ে গেলেন।
আলমগীর — বাদশাহ আলমগীরকে সবাই শ্রদ্ধা করতেন।

## পাঠ ২১ বিদায় হজের ভাষণ

ভাষণ — মহানবি (স) আরাফাতের ময়দানে গুরুত্বপূর্ণ ভাষণ দিলেন।
দেশ — আরব দেশের বহু লোক ইসলাম গ্রহণ করে।
হিংসা — কারো প্রতি হিংসা পোষণ কোরো না।
জড়ো — সবাই ভাষণ শোনার জন্য জড়ো হলো।
খবর — চারদিকে খবর ছড়িয়ে পড়ল।
হজ — হজ পালন করতে সবাই মক্কায় এলো।

## পাঠ ২২ আমরা তোমাদের ভুলব না

শহিদ — যাঁরা ন্যায়ের পথে যুদ্ধ করতে গিয়ে মারা যান, তাঁদের আমরা শহিদ বলি।
আক্রমণ — ইংরেজদের আক্রমণ প্রতিহত করার জন্য তিতুমীর বাঁশের কেল্লা নির্মাণ করেছিলেন।
গণ-অভ্যুত্থান — অত্যাচার ও নির্যাতনের বিরুদ্ধে ১৯৬৯ সালে গণ-অভ্যুত্থান হয়েছিল।
চিরদিন — আমরা শহিদদের চিরদিন মনে রাখব।
গুলি — পুলিশ গুলি করে আবু সাঈদকে হত্যা করে।
সূর্য সেন — সূর্য সেন ব্রিটিশবিরোধী আন্দোলনের নেতা।
ভাষা আন্দোলন — ১৯৫২ সালে ভাষা আন্দোলন হয়।
স্মরণ — আমরা শহিদদের শ্রদ্ধাভরে স্মরণ করি।

## পাঠ ২৩ পোস্টার লিখি, প্ল্যাকার্ড লিখি

গাছ — গাছ আমাদের ফল, ফুল ও ছায়া দেয়।
পাখির বাসা — গাছের ডালে একটি পাখির বাসা আছে।
ছানা — পাখির ছানাগুলো মায়ের জন্য চিৎকার করছে।
পোস্টার — দেওয়ালের পোস্টারে পরিবেশ রক্ষার বার্তা লেখা ছিল।
প্ল্যাকার্ড — ছাত্ররা প্ল্যাকার্ড হাতে নিয়ে মিছিল করছিল।

**সুপার সাজেশন**

পরীক্ষার জন্য সর্বাধিক গুরুত্বপূর্ণ প্রশ্ন— সবগুলো বাক্য গঠনই গুরুত্বপূর্ণ। তবে বিভিন্ন পরীক্ষায় আসা বাক্য গঠনগুলো অধিক গুরুত্ব দিয়ে অনুশীলন করবে।

## নিজেকে যাচাই করি: বাক্য গঠন

বৃত্তি পরীক্ষায় সাফল্য নিশ্চিত করতে হলে প্রতিটি প্রশ্নের ধরনে পূর্ণ নম্বর পাওয়ার চেষ্টা করতে হবে। প্রশ্নের ধরন ৩-এ তোমার প্রস্তুতি কেমন হলো তা যাচাইয়ের জন্য এখানে বিভিন্ন অধ্যায়ের সমন্বয়ে ১০ সেট প্রশ্ন দেওয়া হয়েছে। তুমি নিজে নিজে পরীক্ষা দিয়ে 'উত্তরমালা'র সঙ্গে মিলিয়ে দেখো। যদি সবগুলোর উত্তর সঠিক না হয় তাহলে পূর্বের অংশটি পুনরায় অনুশীলন করো।

**সেট ১** নিচের শব্দগুলো দিয়ে পাঁচটি বাক্য রচনা করো: ১×৫ = ৫
ইংরেজ, রাজত্ব, জড়ো, বিশ্বকোষ, অচিনপুর

**সেট ২** নিচের শব্দগুলো দিয়ে পাঁচটি বাক্য রচনা করো: ১×৫ = ৫
সন্ধেবেলা, মৌলভী, বাংলাদেশ, পরাজয়, ভাষা আন্দোলন

**সেট ৩** নিচের শব্দগুলো দিয়ে পাঁচটি বাক্য রচনা করো: ১×৫ = ৫
উৎসব, লক্ষ্মীপ্যাঁচা, দেশান্তর, কষ্ট, প্ল্যাকার্ড

**সেট ৪** নিচের শব্দগুলো দিয়ে পাঁচটি বাক্য রচনা করো: ১×৫ = ৫
বিষয়, পারদর্শী, মাঠ, শিকারি, শাহজাদা

**সেট ৫** নিচের শব্দগুলো দিয়ে পাঁচটি বাক্য রচনা করো: ১×৫ = ৫
কৌতূহলী, নকশিকাঁথা, ঘুমন্ত, চরকি, কুপোকাত

**সেট ৬** নিচের শব্দগুলো দিয়ে পাঁচটি বাক্য রচনা করো: ১×৫ = ৫
গান, রঙিন মেঘ, সবুজ, অনুরোধ, হতভম্ব

**সেট ৭** নিচের শব্দগুলো দিয়ে পাঁচটি বাক্য রচনা করো: ১×৫ = ৫
পার্বত্য, নীলকুঠি, জঙ্গল, বকুল, সংকল্প

**সেট ৮** নিচের শব্দগুলো দিয়ে পাঁচটি বাক্য রচনা করো: ১×৫ = ৫
ঝামেলা, একফালি, অরণ্য, নিস্তার, শিক্ষক

**সেট ৯** নিচের শব্দগুলো দিয়ে পাঁচটি বাক্য রচনা করো: ১×৫ = ৫
বাসি, অদ্ভুত, শালিক, টুকরো, মোড়া

**সেট ১০** নিচের শব্দগুলো দিয়ে পাঁচটি বাক্য রচনা করো: ১×৫ = ৫
দাঁড়, রেশন, পক্ষীছানা, ট্রেন, গণ-অভ্যুত্থান

Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



## উত্তরমালা: নিজেকে যাচাই করি

সেট ১ ইংরেজরা প্রায় দুশো বছর বাংলাদেশ শাসন করেছে। রাজা তার রাজত্ব দেখাশোনা করেন। সবাই ভাষণ শোনার জন্য জড়ো হলো। বিশ্বকোষ সভ্যতা ও সমাজের বাতিঘর। এক যে ছিল অচিনপুরের রাজকন্যা। সেট ২ সন্ধেবেলা পাখিরা নীড়ে ফেরে। মৌলভী আমাদের ধর্মীয় শিক্ষা দেন। ঢাকা বাংলাদেশের রাজধানী। বাঙালি জাতি পরাজয় বরণ করে নেয়নি। ১৯৫২ সালে ভাষা আন্দোলন হয়। সেট ৩ হিন্দুদের প্রধান ধর্মীয় উৎসব দুর্গাপূজা। ঝড়ের কবলে পড়ে লক্ষ্মীপ্যাঁচাটি দিশাহারা হয়ে পড়েছে। বড়ো হয়ে আমি দেশ-দেশান্তরে ঘুরে বেড়াব। কষ্ট পেয়ো না। ছাত্ররা প্ল্যাকার্ড হাতে নিয়ে মিছিল করছিল। সেট ৪ আবেদনপত্রে বিষয় লিখতে হয়। মা রান্নায় পারদর্শী। মাঠ সবুজ ঘাসে ঢাকা। হরিণটি শিকারিকে দেখে ভয় পেল। রাজার পুত্রকে শাহজাদা বলা হয়। সেট ৫ রিমি কৌতূহলী হয়ে বিড়ালটিকে দেখতে গেল। নকশিকাঁথা বাংলাদেশের ঐতিহ্য। পাকিস্তানিরা ঘুমন্ত মানুষের ওপর ঝাঁপিয়ে পড়ে। প্রবল বাতাসে সবকিছু চরকির মতো ঘুরছে। লোকটি কুপোকাত হয়ে গেল। সেট ৬ আমার গান গাইতে ভালো লাগে। বিকালের আকাশে রঙিন মেঘ দেখে ছেলেটি মুগ্ধ হয়ে গেল। গাছে সবুজ পাতা ঝলমল করছে। স্যারকে অনুরোধ করো। ছেলেটি হতভম্ব হয়ে দাঁড়িয়েছিল। সেট ৭ রাঙামাটি একটি পার্বত্য জেলা। ইংরেজরা নীলকুঠি বানিয়েছিল। বাড়ির পাশের জঙ্গলে আমার বলটি হারিয়ে গিয়েছে। বকুল ফুলের গন্ধ আমার ভালো লাগে। পরীক্ষায় ভালো করার জন্য সংকল্প থাকা দরকার। সেট ৮ ঝামেলার সমাধান করা দরকার। আকাশে একফালি চাঁদ উঠেছে। অরণ্যে নানান প্রজাতির পশুপাখি থাকে। বেয়াদবি করলে নিস্তার নেই। শিক্ষক আমাদের গুরুজন। সেট ৯ বাসি খাবার খাবে না। ছবিটি খুব অদ্ভুত দেখাচ্ছে। শালিক পাখি আমার খুব পছন্দের। ফুলদানিটি পড়ে টুকরো হয়ে গেল। মোড়া তৈরিতে বাঁশ ব্যবহৃত হয়। সেট ১০ নৌকায় দাঁড় থাকে। সরকার আমাদের রেশন দেয়। বাসা ভেঙে যাওয়ায় পক্ষীছানাগুলো বিপদে পড়েছে। ট্রেনটি অনেকক্ষণ দাঁড়িয়ে আছে। অত্যাচার ও নির্যাতনের বিরুদ্ধে ১৯৬৯ সালে গণ-অভ্যুত্থান হয়েছিল।

## প্রশ্নের ধরন ৪ শূন্যস্থান পূরণকরণ

*[৫টি শূন্যস্থান থাকবে, প্রতিটির উত্তর দিতে হবে]* ১×৫ = ৫

### পাঠ ১ বৈচিত্র্যময় বাংলাদেশ

**প্রশ্ন-১ শূন্যস্থান পূরণ করো:**

ক. এ দেশে আছে নানা ধরনের ——।

*[পিটিআই সংলগ্ন পরীক্ষা বিদ্যালয়, নেত্রকোণা ২০২৩]*

খ. বৈচিত্র্য আর ভিন্নতাই —— করেছে দেশকে।

*[৮৮ নং মানিকগঞ্জ সরকারি প্রাথমিক বিদ্যালয় ২০২৩]*

গ. —— ধরে চলে রেলগাড়ি।

ঘ. রাখাইনদের রয়েছে —— আর চাকমাদের বিজু উৎসব।

*[পিটিআই সংলগ্ন পরীক্ষা বিদ্যালয়, নেত্রকোণা ২০২৩]*

ঙ. মানুষ যে ধরনের কাজ করে —— নির্বাহ করে, সেই কাজকে তার পেশা বলে।

**উত্তর:** ক. উৎসব; খ. সমৃদ্ধ; গ. রেললাইন; ঘ. সাংগ্রাই; ঙ. জীবিকা

**প্রশ্ন-২ শূন্যস্থান পূরণ করো:**

ক. বাংলাদেশের বেশির ভাগ মানুষ —— কথা বলে।

খ. ফসলের মাঠে কৃষক লাঙল বা —— দিয়ে চাষ করেন।

গ. তাঁতি কাপড় ——।

ঘ. সব পেশার মানুষই ——।

ঙ. বাংলাদেশের মানুষের পোশাক-পরিচ্ছদেও —— আছে।

**উত্তর:** ক. বাংলায়; খ. ট্রাক্টর; গ. বোনেন; ঘ. পরিশ্রমী; ঙ. বৈচিত্র্য

**প্রশ্ন-৩ উপযুক্ত শব্দটি বাছাই করে নিচের বাক্যগুলোর শূন্যস্থান পূরণ করে উত্তরপত্রে লেখো:**

| | | | |
|---|---|---|---|
| বাংলায় | সাংগ্রাই | বাঙালি | উদ্‌যাপিত |
| গারো | মুসলমানদের | ধর্মের | |

ক. বাংলাভাষী মানুষেরা —— নামে পরিচিত।

খ. ময়মনসিংহ অঞ্চলে বসবাস করে —— সম্প্রদায়ের মানুষ।

গ. মাতৃভাষার বৈচিত্র্যের পাশাপাশি এ দেশে রয়েছে —— বৈচিত্র্য।

ঘ. —— প্রধান ধর্মীয় উৎসব ঈদুল ফিতর ও ঈদুল আজহা।

ঙ. রাখাইনদের উৎসবের নাম ——।

**উত্তর:** ক. বাঙালি; খ. গারো; গ. ধর্মের; ঘ. মুসলমানদের; ঙ. সাংগ্রাই

### পাঠ ২ তিতুমীর

**প্রশ্ন-৪ শূন্যস্থান পূরণ করো:**

ক. শিশুটির কঠিন —— করল।

খ. তিতুমীর —— বিরুদ্ধে কথা বলতেন।

*[পিটিআই সংলগ্ন পরীক্ষা বিদ্যালয়, নেত্রকোণা ২০২৩]*

গ. তিতুমীর বাঁশের কেল্লায় —— প্রশিক্ষণ দিতে লাগলেন।

ঘ. দেশের —— জন্য কিছু করা দরকার।

ঙ. লর্ড বেন্টিঙ্ক বিশাল —— পাঠালেন।

**উত্তর:** ক. অসুখ; খ. অন্যায়ের; গ. তরুণদের; ঘ. মানুষের; ঙ. সেনাবহর

**প্রশ্ন-৫ উপযুক্ত শব্দটি বাছাই করে নিচের বাক্যগুলোর শূন্যস্থান পূরণ করে উত্তরপত্রে লেখো:**

| | | | |
|---|---|---|---|
| ধান | হায়দারপুর | দেশ | জমিদারদের |
| খাজনা | ওষুধ | ব্রিটিশদের | |

ক. —— গ্রামে জন্ম হলো এক শিশুর।

খ. খুব তেতো ——।

গ. অন্যদিকে ছিল —— অত্যাচার।

ঘ. গত বছর বানের জলে —— ভেসে গেছে।

ঙ. —— থেকে ইংরেজদের তাড়াব আমরা।

**উত্তর:** ক. হায়দারপুর; খ. ওষুধ; গ. জমিদারদের; ঘ. ধান; ঙ. দেশ

### পাঠ ৩ দূরের পাল্লা

**প্রশ্ন-৬ শূন্যস্থান পূরণ করো:**

ক. পাড়ময় ঝোপঝাড় —— জঙ্গাল।

খ. জলময় শৈবাল —— টাঁকশাল।

গ. কঞ্চির —— ঐ-চর জাগছে।

ঘ. চুপ চুপ—ওই ডুব দেয় ——।

ঙ. ঝকঝক কলসীর —— শোন্ গো।

**উত্তর:** ক. জঞ্জাল; খ. পান্নার; গ. তীর-ঘর; ঘ. পান্‌কৌটি; ঙ. বক্‌বক্

**প্রশ্ন-৭ উপযুক্ত শব্দটি বাছাই করে নিচের বাক্যগুলোর শূন্যস্থান পূরণ করে উত্তরপত্রে লেখো:**

| | | | |
|---|---|---|---|
| ঝোপঝাড় | বন-হাঁস | চর | তিন |
| ডুব | চৌপর | মাল্লা | |

ক. ছিপ্‌খান্ —— দাঁড়।

খ. —— দিন-ভোর দ্যায় দূর-পাল্লা।

গ. পাড়াময় ——।

ঘ. —— ডিম তার শ্যাওলায় ঢাকছে।

ঙ. দ্যায় —— টুপ টুপ ঘোম্‌টার বৌটি।

**উত্তর:** ক. তিন; খ. চৌপর; গ. ঝোপঝাড়; ঘ. বন-হাঁস; ঙ. ডুব

Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



## পাঠ ৪ পত্র লিখি

**প্রশ্ন-৮ শূন্যস্থান পূরণ করো:**

ক. আবেদনপত্র হলো —— এক ধরনের চিঠি।
খ. কোনো দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি বা —— কাছে আবেদনপত্র লেখা হয়।
গ. সাধারণত আবেদনপত্রে কোনো —— জানানো হয়।
ঘ. —— যতটুকু সম্ভব ছোটো রাখতে হয়।
ঙ. আবেদনপত্রে থাকে তারিখ, বরাবর, বিষয়, ——, বক্তব্য, অনুরোধ নিজের পরিচয়।

**উত্তর:** ক. বিশেষ; খ. প্রতিষ্ঠানের; গ. অনুরোধ; ঘ. আবেদনপত্র; ঙ. সম্বোধন

## পাঠ ৫ ঠিক আছে

**প্রশ্ন-৯ শূন্যস্থান পূরণ করো:**

ক. অসময়ে ——।
খ. ঘরে ঢুকে —— যান।
গ. বোঝালাম ——।
ঘ. যতগুলো —— আছে।
ঙ. তিনি হেসে বললেন, —— আছে ঠিক আছে।

**উত্তর:** ক. মেহমান; খ. বসে; গ. ঝামেলার; ঘ. দিক; ঙ. ঠিক

## পাঠ ৬ সুখু আর দুখু

**প্রশ্ন-১০ শূন্যস্থান পূরণ করো:**

ক. দুখু কাঁদতে কাঁদতে —— পিছু পিছু গেল।
খ. যেতে যেতে একটা —— সাথে দেখা হলো।
গ. চলতে চলতে দুখু ধবধবে সাদা একটা —— গিয়ে হাজির হলো।
ঘ. বুড়ির নামে —— কথা বলে সুখু খাওয়ার ঘরে গেল।
ঙ. তারপর —— চুলকাতে চুলকাতে বাড়ির পথ ধরল।

**উত্তর:** ক. বাতাসের; খ. কলাগাছের; গ. বাড়িতে; ঘ. খারাপ; ঙ. গা

**প্রশ্ন-১১ উপযুক্ত শব্দটি বাছাই করে নিচের বাক্যগুলোর শূন্যস্থান পূরণ করে উত্তরপত্রে লেখো:**

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| সাদা | কুঁজো | তুলা | সুখু | গয়নায় | দুখু | বুড়ি |

ক. একটা ডুব দিতেই দুখুর গা সোনার —— ভরে গেল।
খ. বুড়ির চুলগুলোও দুধের মতো ——।
গ. সেই বাতাস সুখুর সব —— উড়িয়ে নিয়ে গেল।
ঘ. সুখুর কথা শুনে —— মনে কষ্ট পেল।
ঙ. তারপর সেটা কাঁধে নিতেই সুখু —— হয়ে গেল।

**উত্তর:** ক. গয়নায়; খ. সাদা; গ. তুলা; ঘ. বুড়ি; ঙ. কুঁজো

## পাঠ ৭ সাইক্লোন

**প্রশ্ন-১২ শূন্যস্থান পূরণ করো:**

ক. ——, পক্ষীছানা/ ঘুরছে, যেন চরকি সব।
খ. মাছ উড়ছে, গাছ উড়ছে/ —— হাওয়া ঘুরছে জোর।
গ. হারান মাঝি, পরান শেখ/ বাতাস —— দিচ্ছে ডাক।
ঘ. আকাশ ভেঙে —— গুঁড়ো/ উঠল আজান, বাজল শাঁখ।
ঙ. চম্পাবতীর —— ভাসছে/ ভাসছে স্রোতে খড়ের ঘর।

*[পিটিআই সংলগ্ন পরীক্ষা বিদ্যালয়, নেত্রকোণা ২০২৬]*

**উত্তর:** ক. লক্ষীপ্যাঁচা; খ. ঘূর্ণি; গ. ফুঁড়ে; ঘ. কাচের; ঙ. কেশ

**প্রশ্ন-১৩ উপযুক্ত শব্দ বাছাই করে নিচের বাক্যগুলোর শূন্যস্থান পূরণ করে উত্তরপত্রে লেখো:**

| | | | |
|---|---|---|---|
| আজান | তোড় | ফরসা | সরষে |
| চর | শাঁখ | চরকি | খাল |

ক. ময়লা চাদর, —— জামা/ উড়ছে খেতের সরষে, যব।
খ. লক্ষ্মীপ্যাঁচা, পক্ষীছানা/ ঘুরছে, যেন —— সব।
গ. খাল ফুলছে, পাল ছিঁড়ছে/ বুঝবে কারা পানির —— ?
ঘ. আকাশ ভেঙে কাচের গুঁড়ো/ উঠল ——, বাজল শাঁখ।
ঙ. শেয়াল কুকুর কুঁকড়ো শালিক/ ডুবল সবই, ডুবল ——।

**উত্তর:** ক. ফরসা; খ. চরকি; গ. তোড়; ঘ. আজান; ঙ. চর

## পাঠ ৮ রয়েল বেঙ্গল টাইগার

**প্রশ্ন-১৪ শূন্যস্থান পূরণ করো:**

ক. বাঘের আছে শক্তিশালী ——।
খ. খাবার —— জন্য এদের রয়েছে তীক্ষ্ণ ও ধারালো দাঁত আর মজবুত চোয়াল।
গ. বাঘের গায়ের রং হলুদ থেকে গাঢ় —— হয়ে থাকে।
ঘ. —— দিকে বাঘের উচ্চতা ১০০ সেন্টিমিটারের মতো।
ঙ. বাঘ —— প্রজাতির সবচেয়ে বড়ো প্রাণী। *[শেরপুর সদর ২০২৬]*

**উত্তর:** ক. থাবা; খ. চিবানোর; গ. কমলা; ঘ. কাঁধের; ঙ. বিড়াল

**প্রশ্ন-১৫ উপযুক্ত শব্দটি বাছাই করে নিচের বাক্যগুলোর শূন্যস্থান পূরণ করে উত্তরপত্রে লেখো:**

| | | | |
|---|---|---|---|
| আচরণ | বাঘ | মিলিমিটার | জাতীয় |
| প্রজাতির | হুংকার | সেন্টিমিটার | |

ক. রয়েল বেঙ্গল টাইগার বাংলাদেশের —— পশু।
খ. বাংলাদেশের মানুষের কাছে রয়েল বেঙ্গল টাইগার —— নামে পরিচিত।
গ. বাঘ দেখতে যেমন সুন্দর, তেমন ভয়ংকর এর ——।
ঘ. পৃথিবীতে অনেক —— বাঘ আছে।
ঙ. একটি বাঘের দৈর্ঘ্য ২২০ —— পর্যন্ত হয়ে থাকে।

**উত্তর:** ক. জাতীয়; খ. বাঘ; গ. আচরণ; ঘ. প্রজাতির; ঙ. সেন্টিমিটার

## পাঠ ৯ টুকটুক ও চিকু

**প্রশ্ন-১৬ শূন্যস্থান পূরণ করো:**

ক. খুশিতে —— করে উঠল টুকটুকের মুখটা।
খ. কাদামাটি মাখা —— শরীর নিয়ে মিঁউ মিঁউ করে ডাকছে।
গ. —— দৃষ্টিতে টুকটুক চারদিকে তাকাল।
ঘ. সে ছানাটিকে —— করে কোলে তুলে বাড়িতে নিয়ে এলো।
ঙ. টুকটুক নরম —— দিয়ে বিড়ালছানাটির গা মুছিয়ে দিলো।

**উত্তর:** ক. ঝলমল; খ. কঙ্কালসার; গ. উদ্বিগ্ন; ঘ. আলতো; ঙ. তোয়ালে

**প্রশ্ন-১৭ উপযুক্ত শব্দটি বাছাই করে নিচের বাক্যগুলোর শূন্যস্থান পূরণ করে উত্তরপত্রে লেখো:**

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| দরজায় | ছানাটি | মন | টুকটুক | শ্রেণিশিক্ষক | দুধ | পা |

ক. —— ভয়ে জড়োসড়ো হয়ে কাঁপছে।
খ. টুকটুকের —— বিড়ালছানার জন্য কেঁদে উঠল।
গ. —— পা দিয়েই সে মা মা বলে ডাকতে থাকল।
ঘ. বিড়ালছানাটি ধীরে ধীরে —— খেল।
ঙ. এই কাজে —— তাদের সহযোগিতা করলেন।

**উত্তর:** ক. ছানাটি; খ. মন; গ. দরজায়; ঘ. দুধ; ঙ. শ্রেণিশিক্ষক

## পাঠ ১০ রাখাল ছেলে

**প্রশ্ন-১৮ শূন্যস্থান পূরণ করো:**

ক. রাখাল ছেলে! রাখাল ছেলে! —— ফিরে চাও।
খ. সেথায় যাব, ও ভাই এবার —— ছাড় না!
গ. —— আকাশে ছাড়ল সবে রঙিন মেঘের নাও।
ঘ. সারা রাতের স্বপন আমার —— রোদে হাসে।
ঙ. সরষে ফুলের —— নাড়ি ডাকছে মোরে তাই।

**উত্তর:** ক. বারেক; খ. আমায়; গ. পুব; ঘ. মিঠেল; ঙ. পাপড়ি



Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



## পাঠ ১১ কুটির শিল্প

**প্রশ্ন-১৯ শূন্যস্থান পূরণ করো:**

ক. কুটিরে তৈরি হতো বলে এসব জিনিসকে বলা হয় —— পণ্য।
খ. কুটির পণ্যকে শিল্পের মর্যাদা দিয়ে বলা হয় ——।
গ. বেড়া, ঝুড়ি, কুলা, চালুনি ও মোড়া তৈরির কাজে ব্যবহৃত হয় ——।
ঘ. —— দিয়ে বানানো হয় তৈজসপত্র।
ঙ. বাংলাদেশের বিশেষ একধরনের পাটির নাম ——।

**উত্তর:** ক. কুটির; খ. কুটির শিল্প; গ. বাঁশ; ঘ. কাঁসা-পিতল; ঙ. শীতলপাটি

**প্রশ্ন-২০ উপযুক্ত শব্দটি বাছাই করে নিচের বাক্যগুলোর শূন্যস্থান পূরণ করে উত্তরপত্রে লেখো:**

| | | | |
|---|---|---|---|
| মসলিন | শীতলপাটি | হাতপাখা | বাদশাহ-বেগমরা |
| কাঁথা | জামদানি শাড়ি | মোড়া | |

ক. সূক্ষ্ম সুতা দিয়ে বানানো হতো ——।
খ. মোগল —— মসলিন কাপড় ব্যবহার করতেন।
গ. বাংলাদেশের বিশেষ একধরনের পাটির নাম ——।
ঘ. গ্রামের নারীরা মেঝেতে কাপড় পেড়ে —— বানাত।
ঙ. তালপাতা, বাঁশ ও বেতের চটা, কাপড় ইত্যাদি দিয়ে —— বানানো হয়।

**উত্তর:** ক. মসলিন; খ. বাদশাহ-বেগমরা; গ. শীতলপাটি; ঘ. কাঁথা; ঙ. হাতপাখা

## পাঠ ১২ শিষ্যের সাধনা

**প্রশ্ন-২১ শূন্যস্থান পূরণ করো:**

ক. একলব্য —— হতে চায়।
খ. দ্রোণ রাজপুত্রদের —— চালনা শেখান।
গ. তির-ধনুক চালনায় —— হয়ে উঠেছে সবাই।
ঘ. দ্রোণ একদিন তাদের —— নিতে বনে এলেন।
ঙ. রাজপুত্রদের মধ্যে —— সবচেয়ে ভালো তির নিক্ষেপ করতে পারে।

**উত্তর:** ক. মস্ত বীর; খ. তির; গ. পারদর্শী; ঘ. পরীক্ষা; ঙ. তৃতীয় জন

**প্রশ্ন-২২ উপযুক্ত শব্দ বাছাই করে নিচের বাক্যগুলোর শূন্যস্থান পূরণ করে উত্তরপত্রে লেখো:**

| | | | |
|---|---|---|---|
| হতভম্ব | অনুশীলন | শিকারিকে | তির-ধনুক |
| চিৎকার | বিশ্রাম | কালো | |

ক. সারাদিন —— নিয়ে মেতে থাকে ছেলেটা।
খ. একলব্যের মুখ —— হয়ে গেল।
গ. তৃতীয় রাজপুত্র এবার সেই —— খুঁজতে শুরু করল।
ঘ. দ্রোণ আর অন্য রাজপুত্ররা তখন গাছের ছায়ায় —— নিচ্ছিলেন।
ঙ. দ্রোণ কুকুরটার দিকে —— হয়ে তাকিয়ে রইলেন।

**উত্তর:** ক. তির-ধনুক; খ. কালো; গ. শিকারিকে; ঘ. বিশ্রাম; ঙ. হতভম্ব

## পাঠ ১৩ পাখির মতো

**প্রশ্ন-২৩ শূন্যস্থান পূরণ করো:**

ক. আম্মা বলেন, পড়রে সোনা/ —— বলেন, মন দে।
খ. আমার কেবল —— জাগে/ নদীর কাছে থাকতে,
গ. সবাই যখন ঘুমিয়ে পড়ে/ —— কূলটায়,
ঘ. তখন —— ভাবকে থাকি/ কেমন করে উড়ব,
ঙ. তোমরা যখন শিখছ পড়া/—— হওয়ার জন্য,

**উত্তর:** ক. আব্বা; খ. ইচ্ছে; গ. কর্ণফুলীর; ঘ. কেবল; ঙ. মানুষ

**প্রশ্ন-২৪ উপযুক্ত শব্দ বাছাই করে নিচের বাক্যগুলোর শূন্যস্থান পূরণ করে উত্তরপত্রে লেখো:**

| | | | |
|---|---|---|---|
| বকুল | শহর | কাঁঠালচাঁপার | পাখি |
| ফেরেস্তারা | পাখিই | পাঠে | |

ক. পাঠে আমার মন বসে না/ —— গন্ধে।
খ. —— ডালে লুকিয়ে থেকে/ পাখির মতো ডাকতে।
গ. দুধভরা ওই চাঁদের বাটি/ —— উল্টায়।
ঘ. কেমন করে —— ছেড়ে/ সবুজ গাঁয়ে ঘুরব!
ঙ. আমি না হয় —— হব,/ পাখির মতো বন্য।

**উত্তর:** ক. কাঁঠালচাঁপার; খ. বকুল; গ. ফেরেস্তারা; ঘ. শহর; ঙ. পাখিই

## পাঠ ১৪ কুপোকাত

**প্রশ্ন-২৫ শূন্যস্থান পূরণ করো:**

ক. তাকে আমরা সকলে —— বুঝিয়ে বলেছি।
খ. জাতীয় স্বার্থে সকলেরই —— জন্য প্রস্তুত থাকা উচিত।
গ. কিন্তু —— এই প্রস্তাব মানতে অনিচ্ছুক।
ঘ. আজ তুমি —— মতো সহাস্যে এগিয়ে যাও।
ঙ. তাতে সকলের —— আরো বেড়ে যেতে পারে।

**উত্তর:** ক. সাধ্যমতো; খ. আত্মত্যাগের; গ. খরগোশ; ঘ. বীরের; ঙ. বিপদ

**প্রশ্ন-২৬ উপযুক্ত শব্দটি বাছাই করে নিচের বাক্যগুলোর শূন্যস্থান পূরণ করে উত্তরপত্রে লেখো:**

| | | | |
|---|---|---|---|
| বাঘকে | খাদ্য | খরগোশ | বাঘের |
| মোষ | শেয়াল | সজারু | |

ক. সভাপতি হলেন ——।
খ. —— আমাদের সিদ্ধান্ত মানতে রাজি হচ্ছে না।
গ. আমি অনেক কষ্টে —— শান্ত করেছি।
ঘ. আমি অন্যের —— হতে চাই না।
ঙ. দেরি না করে —— গুহায় চলে যাও।

**উত্তর:** ক. মোষ; খ. খরগোশ; গ. বাঘকে; ঘ. খাদ্য; ঙ. বাঘের

## পাঠ ১৫ সংকল্প

**প্রশ্ন-২৭ শূন্যস্থান পূরণ করো:**

ক. কেমন করে ঘুরছে মানুষ —— ঘূর্ণিপাকে।
খ. যুদ্ধ-জাহাজ চলছে ——।
গ. রইব না কো —— খাঁচায়।
ঘ. —— ফেড়ে নামব নিচে।
ঙ. —— দেখব আমি আপন হাতের মুঠোয় পুরে।

**উত্তর:** ক. যুগান্তরের; খ. ছুটি; গ. বন্ধ; ঘ. পাতাল; ঙ. বিশ্ব-জগৎ

## পাঠ ১৬ স্মরণীয় যাঁরা বরণীয় যাঁরা

**প্রশ্ন-২৮ শূন্যস্থান পূরণ করো:**

ক. বাংলাদেশের —— জন্য লক্ষ লক্ষ মানুষ প্রাণ দিয়েছেন।
খ. ১৯৭১ সালের —— মার্চ গভীর রাতে পাকিস্তানি সেনারা ঢাকার নিরস্ত্র ও ঘুমন্ত মানুষের ওপর ঝাঁপিয়ে পড়ে।
গ. —— মাস ধরে তারা এ হত্যাকাণ্ড চালিয়ে যায়।
ঘ. পঁচিশে মার্চ রাতে আক্রান্ত হয় —— অফিসগুলোও।
ঙ. মাত্র পঁচিশ বছর বয়সে প্রাণ দেন কবি ও সাংবাদিক ——।

**উত্তর:** ক. স্বাধীনতার; খ. পঁচিশে; গ. নয়; ঘ. সংবাদপত্র; ঙ. মেহেরুন্নেসা

**প্রশ্ন-২৯ শূন্যস্থান পূরণ করো:**

ক. হানাদাররা হত্যা করে প্রখ্যাত রাজনীতিবিদ ও আইনজীবী ——।
খ. —— বিখ্যাত সমাজসেবক ছিলেন নূতনচন্দ্র সিংহ।
গ. ১৪ই ডিসেম্বরে পাকিস্তানি বাহিনী এদেশকে —— করার ষড়যন্ত্র করে।
ঘ. নতুন করে হত্যাযজ্ঞ শুরু করে ১৯৭১ সালের —— ডিসেম্বর।
ঙ. —— অধ্যাপক রাশীদুল হাসানও বাদ পড়েননি।

**উত্তর:** ক. ধীরেন্দ্রনাথ দত্তকে; খ. চট্টগ্রামের; গ. মেধাশূন্য; ঘ. ১৪ই; ঙ. ইংরেজির

Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



**প্রশ্ন-৩০ উপযুক্ত শব্দ বাছাই করে নিচের বাক্যগুলোর শূন্যস্থান পূরণ করে উত্তরপত্রে লেখো:**

| | | | |
|---|---|---|---|
| পাকিস্তানিরা | রায়ের বাজারের | ৮৫ | ৮২ |
| বিজ্ঞানের | লেখক | স্বাস্থ্যসেবার | |

ক. —— শিক্ষক ছিলেন এম. মুনিরুজ্জামান।
খ. অধ্যক্ষ যোগেশচন্দ্র ঘোষ দেশবাসীর —— জন্য প্রতিষ্ঠা করেছিলেন সাধনা ঔষধালয়।
গ. মুক্তিযুদ্ধের একেবারে শেষের দিকে —— বুঝতে পারে যে, তাদের পরাজয় অবধারিত।
ঘ. তারা প্রখ্যাত —— ও সাংবাদিক শহীদুল্লা কায়সারকে তুলে নিয়ে যায়।
ঙ. দেশ স্বাধীন হওয়ার পরে এ সকল বুদ্ধিজীবীর অনেকের ক্ষত-বিক্ষত লাশ পাওয়া যায় মিরপুর ও —— বধ্যভূমিতে।

**উত্তর:** ক. বিজ্ঞানের; খ. স্বাস্থ্যসেবার; গ. পাকিস্তানিরা; ঘ. লেখক; ঙ. রায়ের বাজারের

## পাঠ ১৭ মাটির নিচে পুরানো নগর

**প্রশ্ন-৩১ শূন্যস্থান পূরণ করো:**

ক. বাংলাদেশ অঞ্চলে প্রাচীনকালে —— গড়ে উঠেছিল।
খ. কুমিল্লার ময়নামতিতে —— শতকের দিকে নগর ছিল।
গ. বগুড়ার —— এলাকায় তৃতীয় শতকের পরে নগর গড়ে ওঠে।
ঘ. নরসিংদী অঞ্চলের —— নদী ব্রহ্মপুত্রের একটি শাখা।
ঙ. খুবই —— ছিল প্রাচীন উয়ারী-বটেশ্বর অঞ্চল।

**উত্তর:** ক. নগর; খ. সাত-আট; গ. মহাস্থানগড়; ঘ. শীতলক্ষ্যা; ঙ. সমৃদ্ধ

**প্রশ্ন-৩২ শূন্যস্থান পূরণ করো:**

ক. —— নগরের খোঁজ হঠাৎ করে মেলেনি।
খ. —— সালে বটেশ্বর গ্রামের শ্রমিকরা দুটি পুরানো লোহার টুকরা পান।
গ. ১৯৫৬ সালে উয়ারী গ্রামে মাটি কাটার সময়ে —— একটি ভান্ডার পাওয়া যায়।
ঘ. উয়ারী-বটেশ্বরের আশেপাশে প্রায় —— টি পুরানো জায়গার সন্ধান পাওয়া গেছে।
ঙ. ২০০০ সালে প্রত্নতত্ত্ববিদরা উয়ারী-বটেশ্বর এলাকায় —— শুরু করেন।

**উত্তর:** ক. উয়ারী-বটেশ্বর; খ. ১৯৫৫; গ. রৌপ্যমুদ্রার; ঘ. পঞ্চাশ; ঙ. খননকাজ

**প্রশ্ন-৩৩ উপযুক্ত শব্দ বাছাই করে নিচের বাক্যগুলোর শূন্যস্থান পূরণ করে উত্তরপত্রে লেখো:**

| | | | | |
|---|---|---|---|---|
| প্রমাণ | মহাস্থানগড় | ঐতিহাসিক | সভ্যতা | প্রাচীর |

ক. এলাকাটি —— স্থান হিসেবে পরিচিতি পেয়েছে।
খ. বগুড়ার —— একসময়ে বাংলার রাজধানী ছিল।
গ. দুর্গের চারপাশে থাকত —— আর পরিখা।
ঘ. সাধারণত নদীর তীরগুলোতে —— গড়ে উঠতে দেখা যায়।
ঙ. এসব গ্রামে প্রাচীন বসতির —— মিলেছে।

**উত্তর:** ক. ঐতিহাসিক; খ. মহাস্থানগড়; গ. প্রাচীর; ঘ. সভ্যতা; ঙ. প্রমাণ

## পাঠ ১৮ ইচ্ছামতী

**প্রশ্ন-৩৪ শূন্যস্থান পূরণ করো:**

ক. আমি তবে একখনি হই/ ........... নদী।
খ. রইবে আমার দখিন ধারে/ ........... ওঠার পার।
গ. ঠিক তখনি ........... গেয়ে যাই/ দূরের মাঠে মাঠে।
ঘ. গোরু মহিষ নিয়ে যারা/ ........... ওপার চলে।
ঙ. দূরের মানুষ যারা তাদের/ ........... বেশ।

**উত্তর:** ক. ইচ্ছামতী; খ. সূর্য; গ. গান; ঘ. সাঁতরে; ঙ. নতুনতরো

**প্রশ্ন-৩৫ শূন্যস্থান পূরণ করো:**

ক. ঢেউয়ে ঢেউয়ে পরীর ........... ,/ হাততালি আর হাসি।
খ. সেইখানেতে কারা সবাই/ রয়েছে ...........।
গ. কোণে কোণে আপন .........../ করছে তারা কী কে।
ঘ. বাকি কোথায় হারিয়ে যাবে/ আমিই সে কি ...........?
ঙ. দিনের বেলায় যাওয়া আসা,/ ........... থম থম!

**উত্তর:** ক. নাচন; খ. চুপচাপ; গ. মনে; ঘ. জানি; ঙ. রাত্তিরে

**প্রশ্ন-৩৬ উপযুক্ত শব্দ বাছাই করে নিচের বাক্যগুলোর শূন্যস্থান পূরণ করে উত্তরপত্রে লেখো:**

| | | | |
|---|---|---|---|
| ডাঙার | জলের | একটুখানি | বরন |
| একশেষ | অন্ধকার | বালু | |

ক. বাঁয়ের ধারে সন্ধেবেলায়/ নামবে ...........।
খ. নাম জানি নে, গ্রাম জানি নে/ অদ্ভুতের ...........।
গ. ........... উপর ঝলোমলো/ টুকরো আলোর রাশি।
ঘ. গাঁয়ের লোকে চিনবে আমার/ কেবল ...........।
ঙ. ........... পানে চেয়ে চেয়ে/ করবে গা ছম ছম।

**উত্তর:** ক. অন্ধকার; খ. একশেষ; গ. জলের; ঘ. একটুখানি; ঙ. ডাঙার

## পাঠ ২০ শিক্ষাগুরুর মর্যাদা

**প্রশ্ন-৩৭ শূন্যস্থান পূরণ করো:**

ক. ধুয়ে-মুছে সব করিছেন —— সঞ্চারি অঙ্গুলি।
খ. বাদশাহর দূত শিক্ষকে ডেকে নিয়ে গেল ——।
গ. প্রাণের চেয়েও —— বড়ো আমি শুনাব শাহানশাহে।
ঘ. নহিলে সেদিন দেখিলাম যাহা স্বয়ং —— বেলা।
ঙ. আজ হতে চির উন্নত হলো শিক্ষাগুরুর ——।

**উত্তর:** ক. সাফ্; খ. কেল্লাতে; গ. মান; ঘ. সকাল; ঙ. শির

**প্রশ্ন-৩৮ উপযুক্ত শব্দ বাছাই করে নিচের বাক্যগুলোর শূন্যস্থান পূরণ করে উত্তরপত্রে লেখো:**

| | | | | |
|---|---|---|---|---|
| সাফ্ | শিক্ষক | প্রভাতে | দিল্লির | ধূলি |
| শাহজাদা | পড়াইত | পুলকিত | গুরুর | হাত |

ক. কুমারে তাঁহার পড়াইত এক মৌলভী ——।
খ. একদা —— গিয়া।
গ. দেখেন বাদশাহ— —— এক পাত্র হস্তে নিয়া।
ঘ. ঢালিতেছে বারি —— চরণে।
ঙ. —— শুধু নিজ হাত দিয়া নিজেরি পায়ের ধূলি।

**উত্তর:** ক. দিল্লির; খ. প্রভাতে; গ. শাহজাদা; ঘ. গুরুর; ঙ. শিক্ষক

## পাঠ ২১ বিদায় হজের ভাষণ

**প্রশ্ন-৩৯ শূন্যস্থান পূরণ করো:**

ক. এত মানুষ দেখে মুহাম্মদ (স)-এর মন —— ভরে গেল।
খ. তিনি সমবেত মানুষের উদ্দেশে —— দিলেন।
গ. —— ময়দানে মহানবি (স)-এর এটি শেষ ভাষণ।
ঘ. —— চিরদিন তাঁর এই ভাষণকে গভীর শ্রদ্ধায় স্মরণ করবে।
ঙ. ভাষণের শুরুতে মহানবি (স) —— প্রশংসা করেন।

**উত্তর:** ক. আনন্দে; খ. ভাষণ; গ. আরাফাতের; ঘ. মানবজাতি; ঙ. আল্লাহর

**প্রশ্ন-৪০ শূন্যস্থান পূরণ করো:**

ক. গোলামদের প্রতি —— ব্যবহার কোরো না।
খ. কখনো —— ও অবিচার কোরো না।
গ. সামান্য —— থেকেও নিজেকে দূরে সরিয়ে রাখবে।
ঘ. তোমরা —— নিয়ে বাড়াবাড়ি করবে না।
ঙ. নিজ নিজ ধর্ম —— করবে।

**উত্তর:** ক. নিষ্ঠুর; খ. অন্যায়; গ. পাপ; ঘ. ধর্ম; ঙ. পালন

Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



**প্রশ্ন-৪১ উপযুক্ত শব্দটি বাছাই করে নিচের বাক্যগুলোর শূন্যস্থান পূরণ করে উত্তরপত্রে লেখো:**

| | | | |
|---|---|---|---|
| কাজের | সামান্য | উদ্দেশে | শেষ |
| দায়ী | কুরআন | জিনিস | |

ক. তিনি সমবেত মানুষের —— ভাষণ দিয়েছেন।
খ. তাঁর জীবনে এটিই শেষ ——।
গ. তুমি নিজে তোমার নিজের কাজের জন্য —— থাকবে।
ঘ. আমি তোমাদের কাছে দুটি —— রেখে যাচ্ছি।
ঙ. আল্লাহর বাণী অর্থাৎ ——।

**উত্তর:** ক. উদ্দেশে; খ. হজ; গ. দায়ী; ঘ. সম্মান; ঙ. কুরআন

## পাঠ ২২ আমরা তোমাদের ভুলব না

**প্রশ্ন-৪২ শূন্যস্থান পূরণ করো:**

ক. ১৯৭১ সালে বাংলাদেশে —— হয়।
খ. মুক্তিযুদ্ধ ছিল আমাদের —— জন্য লড়াই।
গ. পশ্চিম পাকিস্তানি —— আমাদের প্রতি অন্যায় আচরণ করত।
ঘ. এ দেশের মানুষ শোষণ থেকে —— চায়।
ঙ. —— অস্ত্র হাতে নিয়ে যুদ্ধে অংশ নেন।

**উত্তর:** ক. মুক্তিযুদ্ধ; খ. স্বাধীনতার; গ. শাসকগোষ্ঠী; ঘ. মুক্তি; ঙ. মুক্তিযোদ্ধারা

**প্রশ্ন-৪৩ শূন্যস্থান পূরণ করো:**

ক. বাংলাদেশ স্বাধীন হওয়ার আগে —— শাসক ছিলেন আইয়ুব খান।
খ. ১৯৬৯ সালে একটি —— সংঘটিত হয়েছিল।
গ. অভ্যুত্থানের একজন —— ছিলেন আসাদ।
ঘ. পুলিশ খুব কাছ থেকে আসাদকে —— করে হত্যা করেছিল।
ঙ. আসাদের স্মরণে ঢাকায় নির্মাণ করা হয়েছে ——।

**উত্তর:** ক. পাকিস্তানের; খ. গণ-অভ্যুত্থান; গ. ছাত্রনেতা; ঘ. গুলি; ঙ. আসাদ গেট

**প্রশ্ন-৪৪ উপযুক্ত শব্দ বাছাই করে নিচের বাক্যগুলোর শূন্যস্থান পূরণ করে উত্তরপত্রে লেখো:**

| | | | | |
|---|---|---|---|---|
| ফাঁসিতে | কৃষকদের | প্রসারিত | ১৯৪৭ | শহিদ মিনার |

ক. তিতুমীর যুদ্ধ করেছিলেন এ দেশের —— বাঁচাতে।
খ. সূর্য সেনকে —— ঝুলিয়ে হত্যা করা হয়।
গ. ভারত ও পাকিস্তান স্বাধীন হয় —— সালে।
ঘ. ভাষা শহিদদের স্মরণে তৈরি হয়েছে ——।
ঙ. পুলিশের গুলির মুখে আবু সাঈদ দুই হাত —— করে দাঁড়ান।

**উত্তর:** ক. কৃষকদের; খ. ফাঁসিতে; গ. ১৯৪৭; ঘ. শহিদ মিনার; ঙ. প্রসারিত

## পাঠ ২৩ পোস্টার লিখি, প্ল্যাকার্ড লিখি

**প্রশ্ন-৪৫ শূন্যস্থান পূরণ করো:**

ক. পোস্টার আর প্ল্যাকার্ডে একই —— লেখা যায়।
খ. সেই গাছের ডালে একটা পাখির ——।
গ. প্ল্যাকার্ড বানাতে লাগবে মোটা শক্ত বড়ো ——।
ঘ. —— আর মিতুর কাছ থেকে অন্যরাও এই কথা শুনল।
ঙ. শক্ত মোটা কাগজে লেখা হয় ——।

**উত্তর:** ক. কথা; খ. বাসা; গ. কাগজ; ঘ. তালিব; ঙ. প্ল্যাকার্ড

**সুপার সাজেশন**

পরীক্ষার জন্য সর্বাধিক গুরুত্বপূর্ণ প্রশ্ন— সবগুলো শূন্যস্থানই গুরুত্বপূর্ণ। তবে বিভিন্ন পরীক্ষায় আসা শূন্যস্থানগুলো অধিক গুরুত্ব দিয়ে অনুশীলন করবে।

# নিজেকে যাচাই করি: শূন্যস্থান পূরণকরণ

বৃত্তি পরীক্ষায় সাফল্য নিশ্চিত করতে হলে প্রতিটি প্রশ্নের ধরনে পূর্ণ নম্বর পাওয়ার চেষ্টা করতে হবে। প্রশ্নের ধরন ৪-এ তোমার প্রস্তুতি কেমন হলো তা যাচাইয়ের জন্য এখানে বিভিন্ন অধ্যায়ের সমন্বয়ে ১০ সেট প্রশ্ন দেওয়া হয়েছে। তুমি নিজে নিজে পরীক্ষা দিয়ে 'উত্তরমালা'র সঙ্গে মিলিয়ে দেখো। যদি সবগুলোর উত্তর সঠিক না হয় তাহলে পূর্বের অংশটি পুনরায় অনুশীলন করো।

**সেট ১ শূন্যস্থান পূরণ করো:** ১×৫ = ৫

ক. এ দেশে আছে নানা ধরনের ——।
খ. তিতুমীর বাঁশের কেল্লায় —— প্রশিক্ষণ দিতে লাগলেন।
গ. কোনো দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি বা —— কাছে আবেদনপত্র লেখা হয়।
ঘ. —— আকাশে ছাড়ল সবে রঙিন মেঘের নাও।
ঙ. বাংলাদেশের বিশেষ একধরনের পাটির নাম ——।

**সেট ২ শূন্যস্থান পূরণ করো:** ১×৫ = ৫

ক. দ্রোণ রাজপুত্রদের —— চালনা শেখান।
খ. —— দেখব আমি আপন হাতের মুঠোয় পুরে।
গ. ১৯৭১ সালের —— মার্চ গভীর রাতে পাকিস্তানি সেনারা ঢাকার নিরস্ত্র ও ঘুমন্ত মানুষের ওপর ঝাঁপিয়ে পড়ে।
ঘ. বাঘের আছে শক্তিশালী ——।
ঙ. টুকটুক নরম —— দিয়ে বিড়ালছানাটির গা মুছিয়ে দিলো।

**সেট ৩ শূন্যস্থান পূরণ করো:** ১×৫ = ৫

ক. রাখাইনদের রয়েছে —— আর চাকমাদের বিজু উৎসব।
খ. সূক্ষ্ম সুতা দিয়ে বানানো হতো ——।
গ. প্রাণের চেয়েও —— বড়ো আমি শুনাব শাহানশাহে।
ঘ. —— চিরদিন তাঁর এই ভাষণকে গভীর শ্রদ্ধায় স্মরণ করবে।
ঙ. সেই গাছের ডালে একটা পাখির ——।

**সেট ৪ শূন্যস্থান পূরণ করো:** ১×৫ = ৫

ক. প্ল্যাকার্ড বানাতে লাগবে মোটা শক্ত বড়ো ——।
খ. পুলিশ খুব কাছ থেকে আসাদকে —— করে হত্যা করেছিল।
গ. জাতীয় স্বার্থে সকলেরই —— জন্য প্রস্তুত থাকা উচিত।
ঘ. জলময় শৈবাল —— টাকশাল।
ঙ. দুখু কাঁদতে কাঁদতে —— পিছু পিছু গেল।

**সেট ৫ শূন্যস্থান পূরণ করো:** ১×৫ = ৫

ক. লর্ড বেন্টিঙ্ক বিশাল —— পাঠালেন।
খ. বুড়ির নামে —— কথা বলে সুখু খাওয়ার ঘরে গেল।
গ. বৈচিত্র্য আর ভিন্নতাই —— করেছে দেশকে।
ঘ. চুপ চুপ—ওই ডুব দেয় ——।
ঙ. কুটিরে তৈরি হতো বলে এসব জিনিসকে বলা হয় —— পণ্য।

**সেট ৬ শূন্যস্থান পূরণ করো:** ১×৫ = ৫

ক. একটি বাঘের দৈর্ঘ্য ২২০ —— পর্যন্ত হয়ে থাকে।
খ. সারা রাতের স্বপন আমার —— রোদে হাসে।
গ. —— আমাদের সিদ্ধান্ত মানতে রাজি হচ্ছে না।
ঘ. ১৪ই ডিসেম্বরে পাকিস্তানি বাহিনী এদেশকে —— করার ষড়যন্ত্র করে।
ঙ. ভাষণের শুরুতে মহানবি (স) —— প্রশংসা করেন।

Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



**সেট ৭ শূন্যস্থান পূরণ করো:** ১×৫ = ৫

ক. গোলামদের প্রতি —— ব্যবহার কোরো না।
খ. তিতুমীর যুদ্ধ করেছিলেন এ দেশের —— বাঁচাতে।
গ. —— আর মিতুর কাছ থেকে অন্যরাও এই কথা শুনল।
ঘ. আজ হতে চির উন্নত হলো শিক্ষাগুরুর —— ।
ঙ. কুমিল্লার ময়নামতিতে —— শতকের দিকে নগর ছিল।

**সেট ৮ শূন্যস্থান পূরণ করো:** ১×৫ = ৫

ক. সব পেশার মানুষই ——।
খ. —— ডিম তার শ্যাওলায় ঢাকছে।
গ. একটা ডুব দিতেই দুখুর গা সোনার —— ভরে গেল।
ঘ. রাখাল ছেলে! রাখাল ছেলে! —— ফিরে চাও।
ঙ. একলব্যের মুখ —— হয়ে গেল।

**সেট ৯ শূন্যস্থান পূরণ করো:** ১×৫ = ৫

ক. ১৯৫৬ সালে উয়ারী গ্রামে মাটি কাটার সময়ে —— একটি ভান্ডার পাওয়া যায়।
খ. কেমন করে ঘুরছে মানুষ —— ঘূর্ণিপাকে।
গ. বাংলাদেশের —— জন্য লক্ষ লক্ষ মানুষ প্রাণ দিয়েছেন।
ঘ. কুটির পণ্যকে শিল্পের মর্যাদা দিয়ে বলা হয় ——।
ঙ. বুড়ির চুলগুলোও দুধের মতো ——।

**সেট ১০ শূন্যস্থান পূরণ করো:** ১×৫ = ৫

ক. —— দিকে বাঘের উচ্চতা ১০০ সেন্টিমিটারের মতো।
খ. গ্রামের নারীরা মেঝেতে কাপড় পেড়ে —— বানাত।
গ. পঁচিশে মার্চ রাতে আক্রান্ত হয় —— অফিসগুলোও।
ঘ. —— নগরের খোঁজ হঠাৎ করে মেলেনি।
ঙ. —— ময়দানে মহানবি (স)-এর এটি শেষ ভাষণ।

## উত্তরমালা: নিজেকে যাচাই করি

**সেট ১** ক. উৎসব; খ. তরুণদের; গ. প্রতিষ্ঠানের; ঘ. পুব; ঙ. শীতলপাটি। **সেট ২** ক. তির; খ. বিশ্ব-জগৎ; গ. পঁচিশে; ঘ. থাবা; ঙ. তোয়ালে। **সেট ৩** ক. সাংগ্রাই; খ. মসলিন; গ. মান; ঘ. মানবজাতি; ঙ. বাসা। **সেট ৪** ক. কাগজ; খ. গুলি; গ. আত্মত্যাগের; ঘ. পান্নার; ঙ. বাতাসের। **সেট ৫** ক. সেনাবহর; খ. খারাপ; গ. সমৃদ্ধ; ঘ. পানকৌটি; ঙ. কুটির। **সেট ৬** ক. সেন্টিমিটার; খ. মিঠেল; গ. খরগোশ; ঘ. মেধাশূন্য; ঙ. আল্লাহর। **সেট ৭** ক. নিষ্ঠুর; খ. কৃষকদের; গ. তালিব; ঘ. শির; ঙ. সাত-আট। **সেট ৮** ক. পরিশ্রমী; খ. বন-হাঁস; গ. গয়নায়; ঘ. বারেক; ঙ. কালো। **সেট ৯** ক. রৌপ্যমুদ্রার; খ. যুগান্তরের; গ. স্বাধীনতার; ঘ. কুটির শিল্প; ঙ. সাদা। **সেট ১০** ক. কাঁধের; খ. কাঁথা; গ. সংবাদপত্র; ঘ. উয়ারী-বটেশ্বর; ঙ. আরাফাতের।

## প্রশ্নের ধরন ৫ বহুনির্বাচনি প্রশ্ন

*[৫টি প্রশ্ন থাকবে; সবগুলোর উত্তর দিতে হবে]* ১×৫ = ৫

### পাঠ ১ বৈচিত্র্যময় বাংলাদেশ

১. বাংলাদেশের বেশির ভাগ মানুষের কথা বলার সাথে সম্পর্কিত কোন ভাষা? (জ্ঞান)
ক আঞ্চলিক খ বাংলা
গ মণিপুরি ঘ সাঁওতালি
উত্তর: খ

২. 'সবাই নিজের —— ভাষায় কথা বলতে পছন্দ করে।'— শূন্যস্থানে হবে— (জ্ঞান)
ক মাতৃভাষায় খ বাংলা
গ ইংরেজি ঘ সাঁওতালি
উত্তর: ক

৩. বাঙালি মানে যদি বাংলাভাষী হয় তবে বাঙালির সাথে বাংলার সম্পর্ক কী (উচ্চতর দক্ষতা)
ক মাতৃভাষার খ আঞ্চলিক ভাষার
গ আন্তর্জাতিক ভাষার ঘ সাঁওতালি ভাষার
উত্তর: ক

৪. নিচের কোন বাক্যে বাংলাদেশের ভাষার বৈচিত্র্য প্রকাশ পায়? (প্রয়োগ)
ক সবাই নিজের মাতৃভাষায় কথা বলতে পছন্দ করে।
খ বাংলাদেশকে সবাই ভালোবাসে।
গ বাংলাভাষী মানুষেরা বাঙালি নামে পরিচিত।
ঘ বাংলা ভাষা ছাড়াও এদেশে আরো কয়েকটি ভাষা রয়েছে।
উত্তর: ঘ

৫. কারা বাঙালি নামে পরিচিত? (উচ্চতর দক্ষতা)
ক যারা বাংলাদেশে বাস করে।
খ যারা বাংলা ভাষায় কথা বলে।
গ যারা বাংলা সংস্কৃতিকে ধারণ করে।
ঘ যারা বাংলা ভাষাকে লালন করে।
উত্তর: খ

৬. বাংলাদেশের ক্ষুদ্র জাতিগোষ্ঠীর মানুষ কোন জেলাগুলোতে বসবাস করে? (জ্ঞান)
ক উত্তরের খ পূর্বের
গ পশ্চিমের ঘ পার্বত্য
উত্তর: ঘ

৭. রাজশাহী-রংপুর অঞ্চলে কোন সম্প্রদায়ের মানুষ বাস করে? (জ্ঞান)
ক সাঁওতাল ও রাজবংশী খ চাকমা ও মারমা
গ মুরং ও তঞ্চঙ্গ্যা ঘ গারো ও মণিপুরি
উত্তর: ক

৮. গারো সম্প্রদায়ের মানুষের বসবাসের সাথে সম্পর্কিত স্থানের নাম কোনটি? (প্রয়োগ)
ক দিনাজপুর খ রংপুর
গ সিলেট ঘ ময়মনসিংহ
উত্তর: ঘ

৯. মণিপুরি সম্প্রদায়ের মানাষের কোন অঞ্চলে বসবাস করে? (জ্ঞান)
ক সিলেট খ বরিশাল
গ নোয়াখালী ঘ বান্দরবান
উত্তর: ক

১০. চাকমা, মারমা, মুরং, তঞ্চঙ্গ্যা— এগুলো কীসের নাম? (অনুধাবন)
ক দেশের নাম খ ক্ষুদ্র জাতিগোষ্ঠীর নাম
গ জেলার নাম ঘ বইয়ের নাম
উত্তর: খ

১১. বাংলাদেশে প্রধান ধর্মীয় সম্প্রদায় কয়টি? (জ্ঞান)
ক দুইটি খ তিনটি
গ চারটি ঘ পাঁচটি
উত্তর: গ

১২. ঈদুল ফিতর ও ঈদুল আজহার মধ্যে মিল কীসে? (প্রয়োগ)
ক দুটিই ধর্মীয় উৎসব খ দুটিই সামাজিক উৎসব
গ দুটিই পারিবারিক উৎসব ঘ দুটিই সাধারণ উৎসব
উত্তর: ক

১৩. মুসলমানদের প্রধান ধর্মীয় উৎসব কয়টি? (জ্ঞান)
ক চারটি খ তিনটি
গ দুইটি ঘ একটি
উত্তর: গ

১৪. হিন্দুদের প্রধান ধর্মীয় উৎসব কোনটি? (জ্ঞান)
ক সরস্বতী পূজা খ দুর্গাপূজা
গ লক্ষ্মীপূজা ঘ কালীপূজা
উত্তর: খ

১৫. 'বুদ্ধপূর্ণিমা' উৎসবটির সাথে কাদের সম্পর্ক রয়েছে? (প্রয়োগ)
ক বৌদ্ধদের খ হিন্দুদের
গ খ্রিষ্টানদের ঘ মারমাদের
উত্তর: ক

Visit Our Website: all.talukdaracademy.com.bd